শিক্ষা চাকরি ও খেলা

15 – 21 July, 2021

Kolkata (South 24 Pgs.)

❖ তোমাদের প্রয়োজনে আমরা ❖

Shiksha Chakri O Khela

বর্ষ - ৭, সংখ্যা - ২৮ সাপ্তাহিক ১৫ - ২১ জুলাই, ২০২১ R.N.I. – WBBEN / 2015 / 63189 পৃষ্ঠা - ১৬ Rs. 5.00

ভেতরের পাতায়

- 'ডব্লুবিসিএস প্রিলিমিনারি' পরীক্ষার স্পেশাল সেট
- 'সাফল্যলাভে জিজ্ঞাসা' – পাঠক-পাঠিকাদের পাঠানো প্রশ্নের উত্তর দেওয়া হয়।
- কেন্দ্রীয় ও রাজ্য সরকারি বিভিন্ন পরীক্ষা সম্পর্কিত খবরখবর ও রেজাল্টসমূহ।
- 'কোভিড-১৯' (করোনার) ওপর তালিকার আকারে বিশ্ব, দেশ ও রাজ্যের ওপর বিশেষ গুরুত্বপূর্ণ তথ্য।
- বিস্তারিত কারেন্ট অ্যাফেয়ার্স

আইবিপিএসের মাধ্যমে ৫৮৩০ ক্লার্ক

'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন' বা 'আইবিপিএসে'র মাধ্যমে দেশের বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে ৫৮৩০টি শূন্যপদে ক্লার্ক বা জুনিয়র অ্যাসোসিয়েট শাখায় পুরুষ ও মহিলা প্রার্থী নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : CRP CLERKS-XI for vacancies of 2022-23। বাছাই প্রার্থীদের নিয়োগ করা হবে ব্যাঙ্ক অফ বরোদা, ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র, কানাড়া ব্যাঙ্ক, সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ইন্ডিয়ান ব্যাঙ্ক, ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক, ইউকো ব্যাঙ্ক, ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়াতে। সারা দেশে এই ব্যাঙ্কগুলির যেখানে যেখানে শাখা আছে, সেখানে প্রার্থীদের নিয়োগ করা হবে। যেকোনো শাখায় স্নাতক পাশ করলেই আবেদন করা যাবে। আবেদনের শেষ তারিখ ১ আগস্ট, ২০২১।

স্নাতক যোগ্যতায়

▸ **শূন্যপদ :** এখনও পর্যন্ত ৫৮৩০টি শূন্যপদের বিবরণ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। ১) *পশ্চিমবঙ্গ*– মোট শূন্যপদ ৩৬৬টি (অসংরক্ষিত ১৩২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩৮, ওবিসি ৮১, এসসি ৯৮ ও এসটি ১৭)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১৬টি শূন্যপদ সংরক্ষিত। ২) *আন্দামান ও নিকোবরে* শূন্যপদ ৩টি (অসংরক্ষিত ২, ওবিসি ১)। ৩) *অন্ধ্রপ্রদেশে* মোট শূন্যপদ ২৬৩টি (অসংরক্ষিত ১৯৫, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৫১, ওবিসি ২, এসসি ১ ও এসটি ১৪)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১৫টি শূন্যপদ সংরক্ষিত। ৪) *অরুণাচল প্রদেশে* শূন্যপদ ১১টি (অসংরক্ষিত ৫, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১ ও এসটি ৫)। ৫) *আসামে* মোট শূন্যপদ ১৫৬টি (অসংরক্ষিত ৬৭, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১৪, ওবিসি ৪২, এসসি ১৫ ও এসটি ১৮)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৫টি শূন্যপদ সংরক্ষিত। ৬) *বিহারে* মোট শূন্যপদ ২৫২টি (অসংরক্ষিত ১০৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২৪, ওবিসি ৮০, এসসি ৪১ ও এসটি ৩)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১৪টি শূন্যপদ সংরক্ষিত। ৭) *চণ্ডীগড় রাজ্যে* মোট শূন্যপদ ২৭টি (অসংরক্ষিত ১৩, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, ওবিসি ১০ ও এসসি ৩)। ৮) *ছত্তিশগড় রাজ্যে* মোট শূন্যপদ ৮৯টি (অসংরক্ষিত ৪৯, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৮, ওবিসি ২, এসসি ৭ ও এসটি ২৩)। এর মধ্যে ৭টি পদ শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। ৯) *দাদরা ও নগর হাভেলিতে* মোট শূন্যপদ ২টি (অসংরক্ষিত ২)।

এরপর ৫ পাতায়

২৫৫ ডেটা প্রসেসিং অ্যাসিস্ট্যান্ট ও অন্যান্য

আবেদনের শেষ তারিখ ২৯ জুলাই

ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে জুনিয়র টেকনিক্যাল অফিসার, ডেটা প্রসেসিং অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট পাবলিক প্রসিকিউটার, লেকচারার, স্পেশালিস্ট গ্রেড-৩ (বিভিন্ন শাখায়) এবং অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর পদে ২৫৫ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০২/২০২১। আবেদন করতে হবে ২৯ জুলাই তারিখের মধ্যে http://www.upsconline.nic.in এই ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ২৫ টাকা। প্রার্থী বাছাই হবে রিক্রুটমেন্ট টেস্ট অথবা ইন্টারভিউয়ের মাধ্যমে।

এরপর ২ পাতায়

গেইল (ইন্ডিয়া) লিমিটেডে ২২০

স্নাতক যোগ্যতা থেকে শুরু

মহারত্ন পাবলিক সেক্টর ইউনিট তথা ভারতের অন্যতম ন্যাচারাল গ্যাস কোম্পানি গেইল (ইন্ডিয়া) লিমিটেড ২২০টি শূন্যপদে ম্যানেজার, ইঞ্জিনিয়ার, অফিসার ইত্যাদি পদে বিভিন্ন শাখায় প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। আবেদন করতে হবে ৫ আগস্ট সন্ধ্যা ৬টার মধ্যে www.gailonline.com ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ২৫০ টাকা। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধীদের আবেদন ফি লাগবে না।

এরপর ২ পাতায়

ইউপিএসসিতে ৩৬৩ প্রিন্সিপ্যাল

আবেদনের শেষ তারিখ ২৯ জুলাই

ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন ৩৬৩টি শূন্যপদের মধ্যে ২০৮ জন পুরুষ ও ১৫৫ জন মহিলাকে প্রিন্সিপ্যাল শাখায় নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০৭/২০২১। এই নিয়োগ বিজ্ঞপ্তিটি এর আগে কমিশন ২৪ এপ্রিল প্রকাশ করেছিল এমপ্লয়মেন্ট নিউজ পত্রিকায়। তখন আবেদনের শেষ তারিখ ছিল ১৩ মে। তবে সেই সময় আবেদনগ্রহণ সাময়িকভাবে বন্ধ করে দেওয়া হয়। এখন পুনরায় বিজ্ঞপ্তিটির আবেদনগ্রহণ শুরু করা হল। আবেদন করতে হবে ২৯

এরপর ৩ পাতায়

আর্মড ফোর্সেস মেডিক্যাল সার্ভিসে ৮৯

কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ ডিরেক্টোরেট জেনারেল অফ আর্মড ফোর্সেস মেডিক্যাল সার্ভিসেস (ডিজিএএফএমএস) গ্রুপ-সি সিভিলিয়ান পোস্টে মাল্টি টাস্কিং স্টাফ, ট্রেডসম্যান মেট, স্টোরকিপার, কুক, ফায়ারম্যান, স্টেনো ও অন্যান্য শাখায় ৮৯ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : 33082/DR/DGAFMS/DG-2B। প্রার্থীদের নিয়োগ করা হবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অধীনস্থ বিভিন্ন আর্মি মেডিক্যাল কলেজে। নিয়োগ

এরপর ২ পাতায়

মাধ্যমিক পাশে ২৪

কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ দিল্লি ক্যান্টনমেন্টে অবস্থিত রাজপুতানা রাইফেলস রেজিমেন্টাল সেন্টার কুক, বুক মেকার, কার্পেন্টার, ওয়াশারম্যান, বার্বার ও সাফাইওয়ালা পদে ২৪ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। প্রার্থীদের বয়স হতে হবে ১৮-২৫ বছরের মধ্যে। সমস্ত পদেই আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। কুক শাখায় শূন্যপদ ১১টি (অসংরক্ষিত ৭, এসসি ২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, প্রাক্তন সমরকর্মী ১)। বুটমেকার শাখায় শূন্যপদ ২টি

এরপর ১৩ পাতায়

প্রতিরক্ষা মন্ত্রকে ৪৫৮

মাধ্যমিক যোগ্যতা থেকে শুরু

কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রক ট্রেডসম্যান মেট, জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট, মেটিরিয়াল অ্যাসিস্ট্যান্ট, মাল্টি টাস্কিং স্টাফ, ফায়ারম্যান শাখায় ৪৫৮ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। পুরুষ ও মহিলা উভয় প্রার্থীরাই আবেদন করতে পারেন। আবেদনপত্র পাঠাতে হবে ৩১ জুলাই তারিখের মধ্যে এই ঠিকানায়– 41, Field Ammunition Depot, Pin-909741, C/o 56, APO। চিঠি পাঠাতে হবে অর্ডিনারি/রেজিস্টার্ড/স্পিড পোস্টের মাধ্যমে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০১/৪১/২০২১।

▸ **শূন্যপদ ও শিক্ষাগত যোগ্যতা :**

এরপর ২ পাতায়

ইনকাম ট্যাক্স ডিপার্টমেন্টে ১৫৫

স্পোর্টস কোটায় নিয়োগ

ইনকাম ট্যাক্স ডিপার্টমেন্ট, মুম্বাই রিজিয়নে প্রিন্সিপ্যাল চিফ কমিশনার মেরিটোরিয়াস স্পোর্টস পার্সন কোটায় ১৫৫ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। প্রার্থীদের নিয়োগ করা হবে ইন্সপেক্টর অফ ইনকাম ট্যাক্স, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট এবং মাল্টি টাস্কিং স্টাফ পদে। আবেদন করতে হবে ২৫ আগস্ট,

এরপর ৬ পাতায়

101 GEORGE TELEGRAPH

GSCE পড়লেই সরকারি চাকরি

George Telegraph • Since 1920

৬০ হাজারের বেশি শূন্যপদে স্কুলে চাকরি

ডব্লুবিসিএস, রেল, ব্যাঙ্ক, পুলিশে চাকরির নিয়োগপত্র

সুপ্রিম কোর্টের নির্দেশে ২০২২ সালের মার্চের মধ্যে অনুষ্ঠিত হবে **টেট পরীক্ষা**। রাজ্য জানিয়েছে এবার থেকে প্রত্যেক বছর টেট পরীক্ষা হবে। পরীক্ষায় সফলতা পেতে আজই যোগাযোগ করুন আপনার নিকটবর্তী **জিএসসিই** কেন্দ্রে। **TET COURSE**

Fees Rs. 10,000 (6 months course + 3 months free support). Student Credit Card facility available.

ব্যাঙ্কে ক্লার্ক ৫৮৩০ আবেদনের শেষ তারিখ ১ আগস্ট

মাধ্যমিক পাশে ৪০০০০ জিডি কনস্টেবল

স্কুল সার্ভিস কমিশনে ১০৫০০ গ্রুপ-সি, ডি, লাইব্রেরিয়ান

New Normal

Online Course on Competitive Exams for all types of Central and State level Govt. jobs - like

WBCS • SLST • TET • BANK

RAIL • PSC • SSC • LIC • Police etc.

শীঘ্রই নতুন ব্যাচে ক্লাস শুরু হচ্ছে

Admission Helpline : 9830277100 / 200 / 300

Website : www.gsceindia.org E-mail : gscesdh@gmail.com

সম্পাদকীয়

৩০ জুলাই পর্যন্ত কার্যত লকডাউনের বিধিনিষেধ বাড়িয়ে দিল রাজ্য সরকার। শর্তসাপেক্ষে ৫০ শতাংশ যাত্রী নিয়ে বাস, অটো ইত্যাদি যানবাহন চলবে। মেট্রো পরিষেবাও আংশিক চালু করা হল। তবে শনি-রবিবার চলবেনা মেট্রো। লোকাল ট্রেন এখনও পর্যন্ত না চালানোর সিদ্ধান্তই জারি রেখেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রাজ্যের এহেন শর্তাবলি মেনে চলায় করোনা সংক্রমণের গ্রাফ উল্লেখযোগ্যভাবে কমে এসেছে গত এক মাসে। বিশেষজ্ঞরা তিন মাস আগে থাকতেই সতর্ক করে দিয়েছেন যে সংক্রমণের তৃতীয় ঢেউ শীঘ্রই আসতে চলেছে। এই সংক্রমণে আক্রান্ত হওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি শিশুদের। এই ঢেউ কাটিয়ে উঠে যাঁরা প্রত্যাবর্তন করতে পারবেন তাঁরাই ডারউইনের 'Survival of the fittest' তত্ত্বকে যথার্থ সংজ্ঞায়িত করতে পারবেন। সরকারি চাকরিপ্রার্থীদের মুখে হাসি ফুটিয়ে 'আইবিপিএস' এই সপ্তাহে ৫,৮৩০টি শূন্যপদে ক্লার্ক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে। যেকোনো শাখায় স্নাতক পাশ প্রার্থীরা আবেদন করতে পারবেন। নম্বরের কোনো উর্ধ্বসীমা নেই। নিয়োগ প্রক্রিয়াতে থাকছেনা কোনো ইন্টারভিউ। লিখিত পরীক্ষায় পাশ করলেই চাকরির নিয়োগপত্র সরাসরি পাওয়া যাবে। কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রক প্রায় ৭০০টি শূন্যপদে মাধ্যমিক থেকে স্নাতক পাশ যোগ্যতায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। প্রতিটি বিজ্ঞপ্তির বিস্তারিত বিবরণ জানানো হল এবারের সংখ্যায়। গত সপ্তাহ থেকেই প্রতিরক্ষাখাতে নিয়োগের জন্য একাধিক বিজ্ঞপ্তি প্রকাশিত হয়ে চলেছে। শীঘ্রই র‍্যালির মাধ্যমে নিয়োগের খবরও বেরোতে পারে বলে জানা গেছে। সব মিলিয়ে চাকরির বাজারে শেষ দুই সপ্তাহে খবর আছে চাকরিপ্রার্থীদের মনের মতই। তবে শুধু নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হলেই হবে না, প্রার্থীদের একনিষ্ঠ চিত্তে পড়াশোনা করে চাকরি পেয়ে জীবনে প্রতিষ্ঠিত হতে হবে। এই দৃশ্য দেখাই 'শিক্ষা চাকরি ও খেলা'-র পত্রিকার সার্থকতা। সকলে ভালো থাকবেন ও সবাইকে ভালো রাখবেন, ভালো ফল করতে অধ্যাবসায় ও পরিশ্রমকে জীবনের পাথেয় করে তুলবেন।

আর্মড ফোর্সেস মেডিক্যাল সার্ভিসে ৮৯

১ পাতার পর

কেন্দ্রগুলি হল– (১) আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, পুণে-৪১১০৪০। (২) আর্মড ফোর্সেস মেডিক্যাল স্টোর ডিপো, আকুরলি ক্রস রোড নং ৩ কান্দিভ্যালি (ইস্ট) মুম্বাই-৪০০১০১। (৩) আর্মড ফোর্সেস মেডিক্যাল স্টোর ডিপো, জিডিএস মার্গ, দিলকুশা পোস্ট অফিস, লক্ষ্ণৌ (উত্তরপ্রদেশ)-২২৬০০২। (৪) আর্মড ফোর্সেস মেডিক্যাল স্টোর ডিপো, ডঃ কয়াজি রোড, পুণে-৪১১০০২১। (৫) আর্মড ফোর্সেস মেডিক্যাল স্টোর ডিপো, দিল্লি ক্যান্টনমেন্ট-১১০০১০। (৬) আর্মড ফোর্সেস ট্রান্সফিউশন সেন্টার, দিল্লি ক্যান্টনমেন্ট-১১০০১০। (৭) আর্টিফিসিয়েল লিম্ব সেন্টার, পুণে-৪১১০০১।

▸ **শিক্ষাগত যোগ্যতা ও বয়স :** স্টেনোগ্রাফার গ্রেড-২ শাখায় আবেদনের জন্য উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে শর্টহ্যান্ট জানতে হবে। ২) লোয়ার ডিভিশন ক্লার্ক ও স্টোরকিপার শাখায় আবেদনের জন্য উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে কম্পিউটারে টাইপিং স্পিড থাকতে হবে। উপরিউক্ত পদগুলিতে বয়সসীমা ১৮-২৭ বছর। হাইলি স্কিলড এক্সরে ইলেকট্রিশিয়ান শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে ইলেকট্রনিক্স/ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা পাশ করতে হবে। কোনো এক্সরে ওয়ার্কশপে অন্তত ৩ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সিনেমা প্রজেকশনিস্ট গ্রেড-২ শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে কাজের দক্ষতা থাকতে হবে। ফায়ারম্যান শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের

এরপর ১৩ পাতায়

২৫৫ ডেটা প্রসেসিং অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

▸ **শূন্যপদ, বয়স ও শিক্ষাগত যোগ্যতা :** *১) জুনিয়র টেকনিক্যাল অফিসার*– শাখায় শূন্যপদ ৬টি (অসংরক্ষিত ৩, ওবিসি ২ ও এসসি ১)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত। বয়সসীমা ৩০ বছর। স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বিই/বিটেক পাশ করতে হবে অয়েল টেকনোলজিতে অথবা বিএসসি পাশের সঙ্গে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা পাশ করতে হবে সুগার টেকনোলজি বিষয়ে। অন্তত এক বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। *২) অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (ফিশিং হার্বার)*– শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত- শারীরিক প্রতিবন্ধী)। বয়সসীমা ৩৫ বছর। স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক পাশের অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে পোর্ট/হার্বাল ইঞ্জিনিয়ারিংয়ে। *৩) স্পেশালিস্ট গ্রেড-৩ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (ফরেন্সিক মেডিসিন)*– শাখায় শূন্যপদ ৬টি (অসংরক্ষিত৩, ওবিসি ২ ও এসটি ১)। বয়সসীমা ৪০ বছর। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে এমবিবিএস পাশ করতে হবে। পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি থাকতে হবে সংশ্লিষ্ট শাখায়। অন্তত ৩ বছরের পড়ানোর অভিজ্ঞতা থাকতে হবে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর বা লেকচারার হিসেবে। *৪) স্পেশালিস্ট গ্রেড-৩ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (পাবলিক হেলথ)*-- শাখায় শূন্যপদ ৫টি (অসংরক্ষিত ৪ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। বয়সসীমা ৪০ বছর। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে এমবিবিএস পাশ করতে হবে। পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি থাকতে হবে সংশ্লিষ্ট শাখায়। অন্তত ৩ বছরের পড়ানোর অভিজ্ঞতা থাকতে হবে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর বা লেকচারার হিসেবে। *৫) স্পেশালিস্ট গ্রেড-৩ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (সার্জিক্যাল অঙ্কোলজি)*– শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত ১, ওবিসি ১)। বয়সসীমা ৪০ বছর। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে এমবিবিএস পাশ করতে হবে। পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি থাকতে হবে সংশ্লিষ্ট শাখায়। অন্তত ৩ বছরের পড়ানোর অভিজ্ঞতা থাকতে হবে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর বা লেকচারার হিসেবে। *৬) স্পেশালিস্ট গ্রেড-৩ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (সোশ্যাল অ্যান্ড প্রিভেন্টিভ মেডিসিন অথবা কমিউনিটি মেডিসিন)*– শাখায় শূন্যপদ ১২টি (অসংরক্ষিত ৭, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২, ওবিসি ২ ও এসসি ১)। বয়সসীমা ৪০ বছর। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে এমবিবিএস পাশ করতে হবে। পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি থাকতে হবে সংশ্লিষ্ট শাখায়। অন্তত ৩ বছরের পড়ানোর অভিজ্ঞতা থাকতে হবে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর বা লেকচারার হিসেবে। *৭) স্পেশালিস্ট গ্রেড-৩ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (ফিজিক্যাল মেডিসিন অ্যান্ড রিহ্যাবিলিটেশন)*– শাখায় শূন্যপদ ৭টি (অসংরক্ষিত ৩, ওবিসি ৪)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত। বয়সসীমা ৪০ বছর। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে এমবিবিএস পাশ করতে হবে। পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি থাকতে হবে সংশ্লিষ্ট শাখায়। অন্তত ৩ বছরের পড়ানোর অভিজ্ঞতা থাকতে হবে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর বা লেকচারার হিসেবে। *৮) স্পেশালিস্ট গ্রেড-৩ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (রেডিওথেরাপি)*– শাখায় শূন্যপদ ৭টি (অসংরক্ষিত ৪, ওবিসি ২ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত। বয়সসীমা ৪০ বছর। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে এমবিবিএস পাশ করতে হবে। পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি থাকতে হবে সংশ্লিষ্ট শাখায়। অন্তত ৩ বছরের পড়ানোর অভিজ্ঞতা থাকতে হবে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর বা লেকচারার হিসেবে। *৯) স্পেশালিস্ট গ্রেড-৩ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (ইউরোলজি)*-- শাখায় শূন্যপদ ৬টি (অসংরক্ষিত ২, ওবিসি ১, এসসি ২ ও এসটি ১)। বয়সসীমা ৪০ বছর। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে এমবিবিএস পাশ করতে হবে। পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি থাকতে হবে সংশ্লিষ্ট শাখায়। অন্তত ৩ বছরের পড়ানোর অভিজ্ঞতা থাকতে হবে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর বা লেকচারার হিসেবে। *১০) লেকচারার (মেডিক্যাল সোশ্যাল ওয়ার্ক)*-- শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। বয়সসীমা ৩৫ বছর। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট শাখায় স্নাতকোত্তর ডিগ্রি পাশ করতে হবে। অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে সংশ্লিষ্ট শাখায়। অন্যান্য পদগুলি সম্পর্কে বিস্তারিত জানতে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ুন।

গেইল (ইন্ডিয়া) লিমিটেডে ২২০

১ পাতার পর

▸ **বয়সসীমা :** ৫ আগস্ট, ২০২১ তারিখ অনুযায়ী সমস্ত পদের বয়সসীমা নির্ধারিত হবে। ম্যানেজার (মার্কেটিং-কমোডিটি রিস্ক ম্যানেজমেন্ট), ম্যানেজার (মার্কেটিং-ইন্টারন্যাশনাল এলএনজি অ্যান্ড শিপিং) শাখায় বয়সসীমা ৩৪ বছর। সিনিয়র ইঞ্জিনিয়ার (কেমিক্যাল, মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন, সিভিল, গেইলটেল টিসি/টিএম, বয়লার অপারেশন), সিনিয়র অফিসার (এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং, ই অ্যান্ড পি, এফ অ্যান্ড এস, সি অ্যান্ড পি, বিআইএস, মার্কেটিং, এইচআর, কর্পোরেট কমিউনিকেশন, ল এবং ফিন্যান্স অ্যান্ড অ্যাকাউন্টিং) ইত্যাদি শাখায় বয়সসীমা ২৮ বছরের মধ্যে। অফিসার (ল্যাবরেটরি) শাখায় বয়সসীমা ৩২ বছর। অফিসার (সিকিউরিটি) শাখায় বয়সসীমা ৪৫ বছর এবং অফিসার (অফিসিয়েল ল্যাঙ্গুয়েজ) শাখায় বয়সসীমা ৩৫ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

▸ **শূন্যপদ ও শিক্ষাগত যোগ্যতা :** *১) ম্যানেজার* (মার্কেটিং-কমোডিটি রিস্ক ম্যানেজমেন্ট) শাখায় শূন্যপদ ৪টি। সিএ/সিএমএ (আইসিডব্লুএ)/বিকম সঙ্গে এমবিএ পাশ/ইকোনমিক্সে অনার্সসহ বিএ পাশ এবং এমবিএ পাশ করতে হবে। এমবিএ-তে ন্যূনতম ৬৫ শতাংশ নম্বরসহ স্পেশালাইজেশন থাকতে হবে ফাইন্যান্স বিষয়ে। অন্তত ৪ বছরের পোস্ট কোয়ালিফিকেশন এক্সপিরিয়েন্স আবশ্যক। *২) ম্যানেজার (মার্কেটিং-ইন্টারন্যাশনাল এলএনজি অ্যান্ড শিপিং)* শাখায় শূন্যপদ ৬টি। অন্তত ৬৫ শতাংশ নম্বরসহ বিই/বিটেক পাশ করতে হবে এবং মার্কেটিংয়ে স্পেশালাইজেশনসহ এমবিএ পাশ করতে হবে। অন্তত ৪ বছরের পোস্ট কোয়ালিফিকেশন এক্সপিরিয়েন্স আবশ্যক। *৩) সিনিয়র ইঞ্জিনিয়ার* [কেমিক্যাল (৭টি), মেকানিক্যাল (৫১টি), ইলেকট্রিক্যাল (২৬টি), ইনস্ট্রুমেন্টেশন (৩টি), সিভিল (১৫টি), গেইলটেল টিসি/টিএম (৭১০টি)

এরপর ১৩ পাতায়

প্রতিরক্ষা মন্ত্রকে ৪৫৮

১ পাতার পর

১) ট্রেডসম্যান মেট শাখায় শূন্যপদ ৩৩০টি (অসংরক্ষিত ১৩৪, ওবিসি ৮৯, এসসি ৪৯, এসটি ২৫ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩৩)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১৩টি, দক্ষতাসম্পন্ন খেলোয়াড়দের জন্য ১৬টি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ৩৩টি শূন্যপদ সংরক্ষিত। *২) জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট* শাখায় শূন্যপদ ২০টি (অসংরক্ষিত ৯, ওবিসি ৫, এসসি ৩, এসটি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১টি এবং দক্ষতাসম্পন্ন খেলোয়াড়দের জন্য ১টি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ২টি শূন্যপদ সংরক্ষিত। *৩) মেটিরিয়াল অ্যাসিস্ট্যান্ট* শাখায় শূন্যপদ ১৯টি (অসংরক্ষিত ৮, ওবিসি ৫, এসসি ৩, এসটি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২)। এরমধ্যে দক্ষতাসম্পন্ন খেলোয়াড়দের জন্য ১টি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ২টি শূন্যপদ সংরক্ষিত। *৪) মাল্টি টাস্কিং স্টাফ* শাখায় শূন্যপদ ১১টি (অসংরক্ষিত ৫, ওবিসি ৩, এসসি ১, এসটি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১টি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত। *৫) ফায়ারম্যান* শাখায় শূন্যপদ ৬৪টি (অসংরক্ষিত ২৬, ওবিসি ১৭, এসসি ১০, এসটি ৫ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৬)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ২টি, দক্ষতাসম্পন্ন খেলোয়াড়দের জন্য ৩টি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ৬টি শূন্যপদ সংরক্ষিত। *৬) ২৫৫ (I) ABOU ট্রেডসম্যান মেট ফায়ারম্যান* শাখায় শূন্যপদ ১৪টি (অসংরক্ষিত ৬, ওবিসি ৪, এসসি ২, এসটি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। প্রাক্তন সমরকর্মীদের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত।

▸ **শিক্ষাগত যোগ্যতা :** জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট শাখায় আবেদনের

এরপর ১৩ পাতায়

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকা দপ্তর

- **Published by :** Avijit Kundu on behalf of owner GSCE Publications
- **Editor :** Mr. Haranath Das
- **Content Developer & Copy Editor :** Bidyabati Bhowmick
- **For Advt. Please Contact :** 9230056670
- **Page Layout & Graphics Design :** Lakshminarayan Pal
- **Published from :** 31A, S. P. Mukherjee Road, Kolkata-700025 (South 24 Pgs.)
- **Printed from :** Ananda Offset Pvt. Ltd., GN-39, Sector-V, Saltlake City, Kolkata-700091
- **Phone :** 9230056670
- **E-mail :** gscepublications@gmail.com
- **Website :** www.gsceindia.org

এই পত্রিকায় প্রকাশিত কোনো তথ্যে কোনোরকম ভুল বা অসংগতি থাকলে তা সম্পূর্ণ অনিচ্ছাকৃত।

জর্জ টেলিগ্রাফের জিএসসিই পাবলিকেশনস থেকে নিয়মিত প্রকাশিত হচ্ছে সাপ্তাহিক ট্যাবলয়েড 'শিক্ষা চাকরি ও খেলা'। ডিস্ট্রিবিউটর ও নিউজ পেপার এজেন্টগণ এই সাপ্তাহিক ট্যাবলয়েডটি নিয়মিত পেতে ও যেকোনো ব্যবসায়িক যোগাযোগের জন্য নীচের নম্বরে যোগাযোগ করুন।

মোবাইল : 9830277300

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকার পাঠকদের উদ্দেশ্যে সতর্কীকরণ

'শিক্ষা চাকরি ও খেলা' একটি নিরপেক্ষ পত্রিকা। এখানে দেখা কোনো বিজ্ঞাপন দেখে কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে অবশ্যই ওই সংস্থা সম্পর্কে বিস্তারিত খোঁজ খবর করে নেবেন। বিজ্ঞাপনে উল্লিখিত কোনো তথ্যে কোনোরূপ ভুল থাকলে বা কোনো তথ্য বিকৃত থাকলে তার দায় সম্পূর্ণভাবে ওই বিজ্ঞাপনদাতার।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকায় বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন

Ph : 9230056670 • E-mail : gscesdh@gmail.com

বিঃ দ্রঃ : বিজ্ঞাপন সম্পর্কিত সমস্ত ধরনের লেনদেন 'GSCE Publications' এর অনুকূলে কেবলমাত্র চেক/ড্রাফটের মাধ্যমে গ্রহণ করা হবে। কোনোরূপ ক্যাশ লেনদেন গ্রাহ্য করা হবে না। বিজ্ঞাপনদাতার লিখিত অনুমতি বা রিলিজ অর্ডার ছাড়া কোনো বিজ্ঞাপন প্রকাশিত হবে না।

ভারতের কেন্দ্রীয় মন্ত্রিসভায় নতুন মুখ

১৫ জন পূর্ণমন্ত্রী ও ২৮ জন প্রতিমন্ত্রীর শপথ

৭ জুলাই (বুধবার) রদবদল ঘটল নরেন্দ্র মোদী মনিরসভার। এদিন রাষ্ট্রপতি ভবনের দরবার হলে নতুন করে মোট ৪৩ জন নতুন মন্ত্রী পদ ও গোপনীয়তার শপথ গ্রহণ করলেন। শপথ গ্রহণকারীদের মধ্যে ১৫ জন পূর্ণ মন্ত্রী অর্থাৎ ক্যাবিনেট মিনিস্টার হলেন এবং বাকি ২৮ জন হলেন প্রতিমন্ত্রী। রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ সকলকে শপথবাক্য পাঠ করান। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নয়া মন্ত্রিসভায় একাধিক নতুন মুখ যেমন আনা হল, তেমনই বেশ কয়েকজন মন্ত্রীর মন্ত্রক বদলানো হল। আবার কারও ডানা ছাঁটাও হল। মোদ্দা বিষয় এবারের মোদী মন্ত্রিসভায় বিশেষভাবে জোর দেওয়া হয়েছে তারুণ্যের উপরে। সূত্রের খবর নয়া মন্ত্রিসভায় বিশেষভাবে জোর দেওয়া হচ্ছে বিজ্ঞান ও প্রযুক্তির উপরে। একই সঙ্গে বিশেষ নজর দেওয়া হচ্ছে মহিলা ও শিশু কল্যাণ মন্ত্রকে।

এদিনের শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ছাড়া, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা এবং অন্যান্য গুরুত্বপূর্ণ কেন্দ্রীয় মন্ত্রীরা উপস্থিত ছিলেন।

রাজনাথ সিং কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রীই থাকছেন। অমিত শাহ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের পাশাপাশি সহযোগিতা মন্ত্রকের দায়িত্ব পেলেন। নীতিন গড়করির দায়িত্বে সড়ক পরিবহণ মন্ত্রক। নির্মলা সীতারামন অর্থমন্ত্রকের পাশাপাশি কর্পোরেট বিষয়ক মন্ত্রকও সামলাবেন। নরেন্দ্র সিং তোমর কৃষিমন্ত্রীই থাকছেন। এস জয়শঙ্করের হাতে থাকছে কেন্দ্রীয় বিদেশমন্ত্রক। আদিবাসী উন্নয়ন মন্ত্রী হচ্ছেন অর্জুন মুণ্ডা। স্মৃতি ইরানি হচ্ছেন নারী ও শিশুকল্যাণ মন্ত্রী। পীযুষ গয়ালকে দেওয়া হল শিল্প ও বাণিজ্য মন্ত্রক, ক্রেতা সুরক্ষা-খাদ্য ও গণবণ্টন মন্ত্রক ও বস্ত্র মন্ত্রক। এই বস্ত্র মন্ত্রকের দায়িত্বে আগে ছিলেন স্মৃতি ইরানি। ধর্মেন্দ্র প্রধান হচ্ছেন শিক্ষামন্ত্রী এবং স্কিল উন্নয়ন ও উদ্যোগ মন্ত্রী।

প্রহ্লাদ প্যাটেলকে দেওয়া হয়েছে সংসদ বিষয়ক মন্ত্রক, কয়লা মন্ত্রক ও খনি মন্ত্রক। নারায়ণ রানে ক্ষুদ্র ও মাঝারি শিল্প মন্ত্রী। সর্বানন্দ সোনওয়াল পাচ্ছেন বন্দর জাহাজ ও জলপথ মন্ত্রক সঙ্গে আয়ুশ মন্ত্রকও। মুখতার আব্বাস নকভি থাকছেন সংখ্যালঘু উন্নয়ন মন্ত্রকের দায়িত্বে। সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের দায়িত্বে বীরেন্দ্র কুমার। গ্রামোন্নয়ন ও পঞ্চায়েতি রাজ মন্ত্রকের দায়িত্বে গিরিরাজ সিং।

জ্যোতিরাদিত্য সিন্ধিয়া পাচ্ছেন কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ মন্ত্রক। রামচন্দ্র প্রসাদ সিং হচ্ছেন ইস্পাত মন্ত্রী। অশ্বিনী বৈষ্ণবকে দেওয়া হল কেন্দ্রীয় রেল মন্ত্রক যোগাযোগ মন্ত্রক ও ইলেক্ট্রনিক ও তথ্যপ্রযুক্তি মন্ত্রক। পশুপতি কুমার পারসকে দেওয়া হয়েছে খাদ্য প্রক্রিয়াকরণ মন্ত্রক। গজেন্দ্র সিং শেখাওয়াতকে দেওয়া হয়েছে জলশক্তি মন্ত্রক। কিরেন রিজিজু থাকছেন আইন মনরী। রজাকুমার সিং শক্তি মন্ত্রী, নতুন ও অপ্রচলিত শক্তি মন্ত্রকের দায়িত্বেও। হরদীপ সিং পুরি থাকছেন পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গযাস মন্ত্রী। একই সঙ্গে তিনি থাকছেন আবাসন ও নগরোন্নয়ন মন্ত্রীও। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক পাচ্ছেন মনসুখ মাণ্ডব্য। তিনি রসায়ন ও সার মন্ত্রীও। পরিবেশ বন ও জলবায়ু মন্ত্রকের দায়িত্বে ভূপেন্দ্র যাদব। তাঁর দায়িত্বে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকও। ভারী শিল্প মন্ত্রী হলেন মহেন্দ্র নাথ পাণ্ডে। মৎস্য, পশু খামার ও ডেয়ারি মন্ত্রী হলেন পুরুষোত্তম রুপালা। সংস্কৃতি পর্যটন ও উত্তর-পূর্ব ভারত উন্নয়ন মন্ত্রকে থাকছেন জি কিষার রেড্ডি। অনুরাগ ঠাকুর হচ্ছেন তথ্য ও প্রযুক্তি মন্ত্রী। একই সঙ্গে তাঁর দায়িত্বে যুব ও ক্রীড়া মন্ত্রক।

আলিপুরদুয়ারের সাংসদ জন বার্লাকে কেন্দ্রীয় সংখ্যালঘু মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী, শান্তনু ঠাকুরকে দেওয়া হয়েছে কেন্দ্রীয় জাহাজ জলপথ মন্ত্রকের প্রতিমন্ত্রী। শিক্ষিত ও ভদ্রলোক সুভাষ সরকারকে শিক্ষামন্ত্রকের প্রতিমন্ত্রীর দায়িত্ব দেওয়া হয়েছে। টিম মোদীতে সর্বকনিষ্ঠ মন্ত্রী নিশীথ প্রামাণিক। অবশেষে ভারতের মানচিত্রে জায়গা পেল কোচবিহার-রাজবংশী। তাঁকে স্বরাষ্ট্র ও সংসদ বিষয়ক মন্ত্রক ও ক্রীড়া মন্ত্রকের প্রতিমন্ত্রীর দায়িত্ব দেওয়া হয়েছে। মোদী মন্ত্রিসভায় আরেক নতুন মুখ রাজীব চন্দ্রশেখর, চিনে নিন এই উদ্যোগপতি-সাংসদ দেশসেবককে।

বাংলাকে দুই-এর বদলে চার দিলেন মোদী - যদিও তাঁরা প্রতিমন্ত্রী। নয়া মন্ত্রিসভায় শান্তনু, নিশীথ, জন ও সুভাষ।

এবারের নতুন মন্ত্রিসভার অন্যতম বৈশিষ্ট হল সর্বাধিক মহিলা মন্ত্রীর উপস্থিতি। সব মিলিয়ে এবার টিম মোদীতে আসন অলঙ্কৃত করবেন ১১ জন মহিলা মন্ত্রী। ২০১৪ সালে প্রথম মোদী মন্ত্রিসভায় মহিলা মন্ত্রীর সংখ্যা ছিল ৭। আর ২০১৯ সালে দ্বিতীয় মেয়াদে ক্ষমতায় ফিরে ৬ জন মহিলাকে মন্ত্রী করেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। মহিলা ছাড়াও বিভিন্ন সম্প্রদায়ের প্রতিনিধিত্ব এবং তার পাশাপাশি চিকিৎসক, ইঞ্জিনিয়ার, প্রযুক্তিবিদ, উদ্যোগপতি এবং অন্যান্য পেশাদারদের মন্ত্রিসভায় জায়গা দেওয়া হয়েছে। ঠিক যেভাবে প্রথম মোদী মন্ত্রিসভায় জোর দেওয়া হয়েছিল 'স্বচ্ছ ভারত অভিযানে' ঠিক একইভাবে এবারে ফোকাস 'মহিলা ও শিশু কল্যাণ'। এই মন্ত্রক সামলাবেন স্মৃতি ইরানি। এক নজরে দেখে নেওয়া যাক মোদী মন্ত্রিসভায় নতুন করে শপথ নেওয়া ৪০ জন মন্ত্রীদের—

পূর্ণমন্ত্রী

১। নারায়ণ রানে	২। সর্বানন্দ সোনোয়াল
৩। ডাঃ বীরেন্দ্র কুমার	৪। জ্যোতিরাদিত্য সিন্ধিয়া
৫। রামচন্দ্র প্রসাদ সিং	৬। অশ্বিনী বৈষ্ণব
৭। পশুপতি কুমার পারস	৮। কিরেন রিজিজু
৯। রাজ কুমার সিং	১০। হরদীপ সিং পুরি
১১। মনসুখ মাণ্ডব্য	১২ ভূপেন্দ্র যাদব
১৩। পুরুষোত্তম রুপালা	১৪। জি কিশান রেড্ডি
১৫। অনুরাগ সিং ঠাকুর	

প্রতিমন্ত্রী

১। পঙ্কজ চৌধুরী	২। অনুপ্রিয়া সিং প্যাটেল
৩। ডাঃ সত্যপাল সিং বঘেল	৪। রাজীব চন্দ্রশেখর
৫। শোভা করন্দলাজে	৬। ভানুপ্রতাপ সিং বর্মা
৭। দর্শন বিক্রম জারদৌশি	৮। মীনাক্ষী লেখি
৯। অন্নপূর্ণা দেবী	১০। কে নারায়ণস্বামী
১১। কৌশল কিশোর	১২। অজয় ভট্ট
১৩। বি এল ভার্মা	১৪। অজয় কুমার
১৫। চৌহান দেবসিং	১৬। ভগবন্ত খুবা
১৭। কপিল মোরেশ্বর পাতিল	১৮। প্রতিমা ভৌমিকী
১৯। ডাঃ সুভাষ সরকার	২০। ডাঃ ভাগত কিশনরাও করাদ
২১। ডাঃ রাজকুমার রঞ্জন সিং	২২। ডাঃ ভারতী প্রবীণ পওয়ার
২৩। বিশ্বেশ্বর টুডু	২৪। শান্তনু ঠাকুর
২৫। ডাঃ মঞ্জাপাড়া মহেন্দ্রভাই	২৬। জন বার্লা
২৭। ডাঃ এল মুরুগান	২৮। নিশীথ প্রামাণিক

পশ্চিমবঙ্গ রাজ্য বাজেট

লগ্নি, কর্মসংস্থানের জোরালো বার্তা

একদিকে কর্মসংস্থান, অন্য দিকে বিনিয়োগের সম্ভাবনা। ৭ জুলাই (বুধবার) চলতি অর্থবর্ষের পূর্ণাঙ্গ বাজেটে নিজেদের সাফল্য হিসেবে ফের এই দুই খতিয়ান তুলে ধরল রাজ্য সরকার। একই সঙ্গে দাবি করল, আগামী পাঁচ বছরে বঙ্গে ১.৫ কোটি নতুন কাজ তৈরি হওয়া নিয়েও আশাবাদী তারা। যার অন্যতম সূত্র হবে একাধিক প্রকল্পের হাত ধরে রাজ্যে আসা বিপুল লগ্নি। দেড় কোটি কর্মসংস্থানের কথা গত ফেব্রুয়ারিতে অন্তর্বর্তী বাজেট পেশ করতে গিয়েই বলেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেবার একগুচ্ছ নতুন প্রকল্পের প্রস্তাব দিয়ে তাঁর আশ্বাস ছিল, প্রচুর মানুষ কাজ পাবেন সরকারি, আধা-সরকারি, বেসরকারি এবং স্বনির্ভর ক্ষেত্রে। এদিন বাজেটে সেই প্রতিশ্রুতি পালনের দায়বদ্ধতার বার্তাই দেওয়া হয়েছে।

বাজেটে বলা হয়েছে, শুধু ১০০ দিনের কাজের প্রকল্পেই গত বছরে প্রায় ৪১ কোটি শ্রমদিবস তৈরি হয়েছে রাজ্যে। খরচের অঙ্ক ছুঁয়েছে ১০,৪০২ কোটি টাকা। কাজ পেয়েছেন ১.১৮ কোটি মানুষ। আর গত ১০ বছরের পরিসংখ্যান ধরলে, শ্রমদিবস তৈরি হয়েছে ২৭৮ কোটি। খরচ হয়েছে মোট ৬৩,১৭৮ কোটি টাকা। ফলে এই প্রকল্প যে আগামী দিনেও রাজ্যে কর্মসংস্থানের অন্যতম তুরুপের তাস, তা স্পষ্ট। পাশাপাশি কাজের সম্ভাবনা তুলে ধরতে গিয়ে বলা হয়েছে মাটির সৃষ্টি প্রকল্পে ৩৫ লক্ষ শ্রমদিবস তৈরির কথাও। বানতলা চর্মনগরীতে ৩০ হাজার কোটি টাকা বিনিয়োগের সম্ভাবনাও তুলে ধরেছে রাজ্য বাজেট। ডেউচা পাঁচামির কয়লা ব্লকে আরও ২০ হাজার কোটি টাকা। আশা, এই দুই প্রকল্পের হাত ধরে কাজ তৈরি হতে পারে প্রায় ৬.৫০ লক্ষ। বানতলায় ৫.৫০ লক্ষ এবং ডেউচায় এক লক্ষ। একইভাবে সরকারের বার্তা, পুরুলিয়ার রঘুনাথপুরে আরও ৭২ হাজার কোটি টাকা লগ্নির সম্ভাবনা তৈরি হয়েছে। কর্মসংস্থানের সুযোগ প্রায় ২.৫ লক্ষ। আশা, ১১,৩১৭ কোটি টাকার পুঁজি টানবে রাজ্যে তথ্যপ্রযুক্তি শিল্পের অন্যতম মুখ সিলিকন ভ্যালিও। তবে রাজ্য বিনিয়োগ ও কর্মসংস্থানে এমন আশার ছবি দেখালেও সংশ্লিষ্ট মহল মনে করাচ্ছে এ রাজ্যে একলপ্তে বড় জমি পাওয়ার ক্ষেত্রে অসুবিধার কথা। যা লগ্নির পথে অন্যতম বাধা। তার উপরে করোনা সঙ্কটের আবহে গোটা দেশেই লগ্নির খরা। ফলে একাংশের প্রশ্ন, বর্তমান পরিস্থিতিতে ১.৫০ কোটি কর্মসংস্থান এবং লগ্নি টানার এই আশা কতটা বাস্তবসম্মত।

যদিও রাজ্য বাজেট নিয়ে খুশি শিল্প-বাণিজ্যমহল। বণিকসভাগুলি বলছে, অতিমারির পরিস্থিতিতে এই বাজেট প্রস্তাব সার্বিক উন্নয়নের দিশা দেবে। ইন্ডিয়ান চেম্বারের প্রেসিডেন্ট বিকাশ আগরওয়ালের মতে, "রাজ্য সার্বিক উন্নয়নের দিশা দিয়ে আশার সুরই বেঁধেছে।" কৃষি এবং পরিকাঠামোয় বরাদ্দ বৃদ্ধির প্রস্তাবকে স্বাগত জানান তিনি।

এই মুহূর্তে চাহিদা এবং উৎপাদন ভিত্তিক বৃদ্ধির গতিকে প্রাধান্য দিয়েছে বেঙ্গল চেম্বার। তাদের মতে, বাজেটে সেই চাহিদা তৈরির চেষ্টা গুরুত্ব পেয়েছে। ভারত চেম্বারের প্রেসিডেন্ট রমেশ কুমার সারাওগি-র আশা, সামাজিক উন্নয়নের জন্য মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার যেভাবে একগুচ্ছ পদক্ষেপের পাশাপাশি ক্ষুদ্র-ছোট-মাঝারিসহ শিল্প ক্ষেত্রে বরাদ্দ বাড়িয়েছে, তা রাজ্যের উন্নয়নে গতি আনবে।

ইউপিএসসিতে ৩৬৩ প্রিন্সিপ্যাল

১ পাতার পর জুলাই তারিখের মধ্যে।

▸ **শূন্যপদ :** মোট শূন্যপদ ৩৬৩টি (২০৮ জন পুরুষ ও ১৫৫ জন মহিলা)। এর মধ্যে অসংরক্ষিত ১৪০ (পুরুষ ৮১ ও মহিলা ৫৯), আর্থিভাবে অনগ্রসর শ্রেণি ৩৪ (পুরুষ ১৮ ও মহিলা ১৬), ওবিসি ১০৬ (পুরুষ ৬৫ ও মহিলা ৪১), এসসি ৫৭ (পুরুষ ৩১ ও মহিলা ৫২৬) এবং এসটি ২৬ (পুরুষ ১৩ ও মহিলা ১৩)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১৫টি শূন্যপদ সংরক্ষিত (পুরুষ ৮ ও মহিলা ৭)।

▸ **বয়সসীমা :** ২৯ জুলাই, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স হতে হবে ৫০ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▸ **শিক্ষাগত যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর পাশের সঙ্গে অন্তত ১০ বছরের পড়ানোর অভিজ্ঞতা থাকতে হবে কোনো স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানে ভাইস প্রিন্সিপ্যাল/ পিজিটি/টিজিটি হিসেবে। প্রার্থী বাছাই রিক্রুটমেন্ট টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

▸ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ২৯ জুলাই তারিখের মধ্যে প্রার্থীকে আবেদন করতে হবে http://www.upsconline.nic.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ২৫ টাকা। এসসি, এসটি, শারীরিক প্রতিবন্ধী ও মহিলা প্রার্থীদের আবেদন ফি লাগবে না। বিস্তারিত জানুন উপরিউক্ত ওয়েবসাইট থেকে।

বিশ্বে করোনা ভাইরাসে আক্রান্ত, মৃত ও সুস্থ হয়ে বাড়ি ফেরা মানুষের পরিসংখ্যান

গত ১২ সপ্তাহের করোনা তথ্য ২০২১

২১ এপ্রিল রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	৬,৮৮,৯৫৬	১০,৭১০	৬,১৪,৭৫০
ভারত	১,৫৯,৩০,৯৬৫	১,৮৪,৬৭২	১,৩৪,৫৪,৮৮০
বিশ্ব	১৪,৪৪,৫৫,৬৮৪	৩০,৭১,৭৯৮	১২,২৯,৩২,৬৮৪

২৮ এপ্রিল রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	৭,৯৩,৫৫২	১১,১৫৯	৬,৭৬,৫৮১
ভারত	১,৮৩,৭৬,৫২৪	২,০৪,৮৩২	১,৫০,৮৬,৮৭৮
বিশ্ব	১৫,০২,৪২,৬২৮	৩১,৬৪,১৭০	১২,৮৩,০৪,৩৫৫

০৫ মে রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	৯,১৬,৬৩৫	১১,৮৪৭	৭,৮২,৯১৬
ভারত	২,১০,৭৭,৪১০	২,৩০,১৬৮	১,৭২,৮০,৮৪৪
বিশ্ব	১৫,৫৮,৩৯,৮৩৭	৩২,৫৫,৪৯১	১৩,৪০,৫৫,৭১৩

১২ মে রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১০,৩২,৭৪০	১২,৫৯৩	৮,৯২,৪৭৪
ভারত	২,৩৭,০২,৮৩২	২,৫৮,৩৫১	১,৯৭,২৮,৪৩৬
বিশ্ব	১৬,১০,৬৯,১৩২	৩৩,৪৪,৫২১	১৩,৯৮,৪৬,৭১৩

১৯ মে রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১১,৭১,৮৬১	১৩,৫৭৬	১০,২৬,৪৯২
ভারত	২,৫৭,৭১,৪০৫	২,৮৭,১৫৬	২,২৩,৪৮,৬৮৩
বিশ্ব	১৬,৫৫,৫০,৫৩৪	৩৪,৩১,৫১৩	১৪,৫৭,৯৬,৯৭৯

২৫ মে রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১২,৮৪,৯৭৩	১৪,৫১৭	১১,৪১,৮৭১
ভারত	২,৭১,২৫৬,৩৮২	৩,১১,৪২১	২,৪৩,৪৩,২৯৯
বিশ্ব	১৬,৮৫,০৮,৫৩৯	৩৪,৯৯,১৩৪	১৫,০১,০৮,৭৬২

০২ জুন রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১৩,৯৪,৭২৪	১৫,৮১৩	১৩,০৮,৮৯৬
ভারত	২,৮৪,৪০,৯৮৮	৩,৩৮,০১৩	২,৬৩,৮২,৮৯৭
বিশ্ব	১৭,২৪,২৪,৪৭২	৩৭,০৬,৫৬১	১৫,৫২,৬৬,২৫৭

০৯ জুন রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১৪,৪২,৮৩০	১৬,৫৫৫	১৪,১১,৫৭৩
ভারত	২,৯১,৮৩,১২১	৩,৫৯,৬৯৫	২,৭৬,৫৫,৪৯৩
বিশ্ব	১৭,৫১,৭৭,১৭৭	৩৭,৭৭,০৯৭	১৫,৮৯,৯২,৯৯১

১৬ জুন রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১৪,৬৮,০৪৪	১৭,০৪৯	১৪,৩০,৯৪৯
ভারত	২,৯৬,৯৯,৫৫৫	৩,৮১,৯৩১	২,৮৪,৮৪,৫৪৪
বিশ্ব	১৭,৭৭,৮২,৬৩৭	৩৮,৪৮,০২০	১৬,২২,৮০,৫১৩

২৩ জুন রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১৪,৮৭,৩৬৩	১৭,৪৭৫	১৪,৪৭,৫১০
ভারত	৩,০০,৮২,১৬৯	৩,৯২,০১৪	২,৯০,৫৬,৬০৯
বিশ্ব	১৮,০৩,৬৮,৩৩৭	৩৯,০৭,৫৫৬	১৬,৫০,৮৫,৭৮৯

৩০ জুন রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১৪,৯৮,৩০৫	১৭,৬৭৯	১৪,৫৯,৫১০
ভারত	৩,০৪,১০,৫৭৭	৩,৯৯,৪৭৫	২,৯৪,৮১,৫২২
বিশ্ব	১৮,২৯,৫২,৫৯২	৩৯,৬২,১১৩	১৬,৭৫,৩৫,৪১৫

০৭ জুলাই রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১৫,০৭,২৪১	১৭,৮৩৪	১৪,৭২,১৩২
ভারত	৩,০৭,০৮,০৯২	৪,০৫,০৫৪	২,৯৮,৩৬,০৭০
বিশ্ব	১৮,৫৮,০৭,২৯৭	৪০,১৬,৮৭১	১৭,০০,৬৬,৩৯৯

'কোভিড-১৯' সংক্রমণে সতর্কতা প্রদানে জাতীয় হেল্পলাইন নম্বর : ১০৭৫
রাজ্যের টোল ফ্রি নম্বর - ১০৭০, কন্ট্রোল রুম নং ০৩৩-২২১৪-৩৫২৬,
২৪ ঘণ্টার হেল্পলাইন নম্বর : ১৮০০১৩৪৪৪০০০/৪৪৪২২২, ওয়েবসাইট : www.wb.gov.in

বিশ্বে করোনা ভাইরাসে আক্রান্ত, মৃত ও সুস্থ হয়ে বাড়ি ফেরা মানুষের পরিসংখ্যান ১৪ জুলাই, ২০২১ পর্যন্ত)

দেশের নাম	মোট আক্রান্তের সংখ্যা	মোট মৃতের সংখ্যা	সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন
বিশ্ব	১৮,৯১,৩৫,২৮১	৪০,৭৪,০০৪	১৭,২৭,৭৫,৪৪৯
১. মার্কিন যুক্তরাষ্ট্র	৩,৪৮,৪৭,৬৬১	৬,২৩,৮১০	২,৯৩,২৫,১৫০
২. ভারত	৩,০৯,৮৬,৮০৩	৪,১২,০১৯	৩,০১,৩৬,৪৮৩
৩. ব্রাজিল	১,৯২,০৯,৭২৯	৫,৩৭,৪৯৮	১,৭৮,৫৮,৬৩৩
৪. রাশিয়া	৫৮,৫৭,০০২	১,৪৫,২৭৮	৫২,৫৭,৪৮৩
৫. ফ্রান্স	৫৮,২৯,৭২৪	১,১১,৪১৩	৫৬,৫২,৯২২
৬. তুরস্ক	৫৫,০০,১৫১	৫০,৩৬৭	৫৩,৬৫,০৭৫
৭. ব্রিটেন	৫২,৩৩,২০৭	১,২৮,৫৩০	৪৩,৭৪,৩১৪
৮. আর্জেন্টিনা	৪৭,০২,৬৫৭	১,০০,২৫০	৪৩,২৬,৪০৩
৯. কলম্বিয়া	৪৫,৬৫,৩৭২	১,১৪,৩৩৭	৪৩,১৭,৪৩৬
১০. ইতালি	৪২,৭৫,৮৪৬	১,২৭,৮৩১	৪১,০৬,৩১৫
১১. স্পেন	৪০,৪১,৪৭৪	৮১,০৪৩	৩৬,৫৪,৭৯০
১২. জার্মানি	৩৭,৪৬,৯১৬	৯১,৮৩১	৩৬,৩৬,৮০০
১৩. ইরান	৩৪,৪০,৪০০	৮৬,৩৯১	৩০,৬৯,৯৪৩
১৪. পোল্যান্ড	২৮,৮১,০৪৬	৭৫,১৭৯	২৬,৫২,৬০৪
১৫. ইন্দোনেশিয়া	২৬,৭০,০৪৬	৬৯,২১০	২১,৫৭,৩৬৩
১৬. মেক্সিকো	২৬,০৪,৭১১	২,৩৫,২৭৭	২০,৫৬,৩১৭
১৭. ইউক্রেন	২২,৪২,২৪৫	৫২,৬৬৫	২১,৭৯,০৭৬
১৮. দক্ষিণ আফ্রিকা	২২,৩৬,৮০৫	৬৫,৫৯৫	১৯,৭০,৫১৬
১৯. পেরু	২০,৮৫,৮৮৩	১,৯৪,৭৫২	১৭,২০,৬৬৫
২০. নেদারল্যান্ড	১৭,৫৫,১২৬	১৭,৭৭০	১৬,৫৫,৮২৭

এরপর ৫ পাতায়

দেশে করোনা ভাইরাসে আক্রান্ত, মৃত ও সুস্থ হয়ে বাড়ি ফেরা মানুষের পরিসংখ্যান (১৪ জুলাই, ২০২১ পর্যন্ত)

রাজ্যে/কেন্দ্রশাসিত অঞ্চলের নাম	মোট আক্রান্তের সংখ্যা	মোট মৃতের সংখ্যা	সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন
ভারত	৩,০৯,৮৬,৮০৩	৪,১২,০১৯	৩,০১,৩৬,৪৮৩
১. মহারাষ্ট্র	৬১,৭২,৬৪৫	১,২৬,২২০	৫৯,৩৮,৭৩৪
২. কেরল	৩০,৮৭,৬৭৩	১৪,৮১০	২৯,৫৭,২০১
৩. কর্ণাটক	২৮,৭৪,৫৯৭	৩৫,৯৪৪	২৮,০৪,৩৯৬
৪. তামিলনাড়ু	২৫,২৩,৯৪৩	৩৩,৫০২	২৪,৫৯,২২৩
৫. অন্ধ্রপ্রদেশ	১৯,২৬,৯৮৮	১৩,০৪২	১৮,৮৭,২৩৬
৬. উত্তরপ্রদেশ	১৭,০৭,৫০২	২২,৭০৪	১৬,৮৩,৩১৯
৭. পশ্চিমবঙ্গ	১৫,১৩,৮৭৭	১৭,৯৪৪	১৪,৮১,৭৪২
৮. দিল্লি	১৪,৩৫,২০৪	২৫,০২০	১৪,০৯,৫০১
৯. ছত্তিশগড়	৯,৯৮,৫৬৫	১৩,৪৮২	৯,৮০,৯৩৩
১০. রাজস্থান	৯,৫৩,১৮৭	৮,৯৪৫	৯,৪৩,৬২৯
১১. ওড়িশা	৯,৪৩,৬৭৫	৪,৭৩০	৯,১৮,০৪১
১২. গুজরাট	৮,২৪,৩০৫	১০,০৭৪	৮,১৩,৫১২
১৩. মধ্যপ্রদেশ	৭,৯১,৫৮৩	১০,৫০৮	৭,৮০,৭৯৬
১৪. হরিয়ানা	৭,৬৯,৩৪৩	৯,৫৬৩	৭,৫৮,৯০৮
১৫. বিহার	৭,২৩,৪৫৭	৯,৬১৯	৭,১৩,০৫৫
১৬. তেলেঙ্গানা	৬,৩৩,১৪৬	৩,৭৩৮	৬,১৯,৩৪৪
১৭. পাঞ্জাব	৫,৯৭,৮২১	১৬,১৯৯	৫,৮০,১৯৫
১৮. অসম	৫,৩৮,৪০৭	৪,৮৮৮	৫,১১,৮৮৮
১৯. ঝাড়খণ্ড	৩,৪৬,৪১১	৫,১২০	৩,৪০,৯৪৪
২০. উত্তরাখণ্ড	৩,৪১,২৭৪	৭,৩৫১	৩,৩৩,১০৪

এরপর ৫ পাতায়

বিশ্বে করোনা ভাইরাসের পরিসংখ্যান

৪ পাতার পরবর্তী অংশ

দেশের নাম	মোট আক্রান্তের সংখ্যা *	মোট মৃতের সংখ্যা	সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন
২১. চেচিয়া	১৬,৭০,০৭৩	৩৪,৩৩৫	১৬,৩৭,৩৬৭
২২. চিলি	১৫,৯২,১৩০	৩৪,০৪৯	১৫,৪৩,১৭১
২৩. ফিলিপিন্স	১৪,৮৫,৪৫৭	২৬,২৩২	১৪,১৪,৮১৭
২৪. ইরাক	১৪,৫৭,১৯২	১৭,৬৭৭	১৩,২৬,০৭৩
২৫. কানাডা	১৪,২১,৮৩১	২৬,৪৫৮	১৩,৯০,৫২৫
২৬. বেলজিয়াম	১০,৯৮,৩৩২	২৫,২০৭	১০,৫০,৫৬৭
২৭. সুইডেন	১০,৯৩,৫৬৭	১৪,৬০৬	১০,৬৯,৯৮২
২৮. রোমানিয়া	১০,৮১,৪০৫	৩৪,২৪২	১০,৪৬,৫৩৭
২৯. বাংলাদেশ	১০,৫৯,৫৩৮	১৭,০৫২	৮,৯৭,৪১২
৩০. পাকিস্তান	৯,৭৮,৮৪৭	২২,৬৪২	৯,১৫,৩৪৩
৩১. পর্তুগাল	৯,১৬,৫৫৯	১৭,১৮২	৮,৫২,২৬৯
৩২. মালয়েশিয়া	৮,৬৭,৫৬৭	৬,৫০৩	৭,৫৯,৭০৫
৩৩. ইজরায়েল	৮,৪৮,৩২২	৬,৪৪১	৮,৩৬,৬৬১
৩৪. জাপান	৮,২৪,৫৮৯	১৪,৯৭১	৭,৮৯,৯০৫
৩৫. হাঙ্গেরি	৮,০৮,৬১২	৩০,০১৩	৭,৪১,৮৯৬
৩৬. জর্ডন	৭,৫৯,০২৫	৯,৮৬৪	৭,৪১,৫৪০
৩৭. সার্বিয়া	৭,১৭,৯৩৭	৭,০৭৭	৭,০৯,০৯৬
৩৮. সুইজারল্যান্ড	৭,০৬,৭৭৫	১০,৯০১	৬,৮৯,৮৪০
৩৯. নেপাল	৬,৬০,৭৮৮	৯,৪৩০	৬,২৪,৭১১
৪০. সংযুক্ত আরব	৬,৫৪,৮১৩	১,৮৮০	৬,৩২,৭৭৫
৪১. অস্ট্রিয়া	৬,৫২,৩৫৪	১০,৭২৬	৬,৩৯,১৫৪
৪২. লেবানন	৫,৪৮,৯৭২	৭,৮৮১	৫,৩৪,৭৬৮
৪৩. মরক্কো	৫,৪৭,২৭৩	৯,৪০৪	৫,২৭,২৫৬
৪৪. টিউনিশিয়া	৫,১৮,৬০৯	১৬,৮৪৫	৪,১৩,১৫৫
৪৫. সৌদি আরব	৫,০৪,৯৬০	৮,০২০	৪,৮৬,০১১
৪৬. ইকুয়েডর	৪,৭১,৭৫৭	২১,৮৫০	৪,৩৭,১৬৭
৪৭. কাজাখস্তান	৪,৪৬,৭৯২	৪,৭৬৯	৪,১৮,২২৮
৪৮. বলিভিয়া	৪,৫৬,৮১৫	১৭,২৮৭	৩,৮৩,৪৪১
৪৯. গ্রিস	৪,৪৭,৭১৮	১২,৭৮৯	৪,১১,৫৬৪
৫০. প্যারাগুয়ে	৪,৪১,০৫৬	১৪,০৬৬	৩,৯৭,৯৫৩
৫১. বেলারুশ	৪,৩০,১২১	৩,২৮৭	৪,২৩,৪০৪
১৯০. ভুটান	২,৩৭০	০১	২,০১৮

দেশে করোনা ভাইরাসের পরিসংখ্যান

৪ পাতার পরবর্তী অংশ

রাজ্যে/কেন্দ্রশাসিত অঞ্চলের নাম	মোট আক্রান্তের সংখ্যা	মোট মৃতের সংখ্যা	সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন
২১. জম্মু ও কাশ্মীর	৩,১৮,৯৯১	৪,৩৫৮	৩,১২,১৯৮
২২. হিমাচল প্রদেশ	২,০৩,৮৬৯	৩,৪৯৬	১,৯৯,১৭০
২৩. গোয়া	১,৬৮,৯৮৮	৩,১০১	১,৬৪,১৫৫
২৪. পুদুচেরি	১,১৯,১৮১	১,৭৭১	১,১৬,০২৬
২৫. মণিপুর	৭৯,৪১৭	১,৩০৯	৭০,৪০২
২৬. ত্রিপুরা	৭১,৮৭৩	৭১৮	৬৬,৭৭১
২৭. চণ্ডীগড়	৬১,৮৪৪	৮০৯	৬০,৯৫৮
২৮. মেঘালয়	৫৫,২১৮	৯১৮	৫০,৩৩৬
২৯. অরুণাচল প্রদেশ	৪০,৮১৪	১৯৩	৩৬,৬১৭
৩০. নাগাল্যান্ড	২৬,১৪০	৫১৪	২৪,৬৬৪
৩১. মিজোরাম	২৫,১৭০	১১৩	১৯,৯৯৪
৩২. সিকিম	২২,৬২৩	৩১৭	২০,০২৫
৩৩. লাদাখ	২০,২২৭	২০৬	১৯,৯০৮
৩৪. দাদরা ও নগর হাভেলি, দমন ও দিউ	১০,৫৮৯	০৪	১০,৫৬৪
৩৫. লাক্ষাদ্বীপ	১০,০৩১	৪৯	৯,৮৭৩
৩৬. আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ	৭,৪৯৬	১২৯	৭,৩৫৮

আইবিপিএসের মাধ্যমে ৫,৮৩০ ক্লার্ক

১ পাতার পর

১০) দিল্লিতে মোট শূন্যপদ ২৫৮টি (অসংরক্ষিত ১২১, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২৯, ওবিসি ৬৮, এসসি ১৬ ও এসটি ২৪)। এর মধ্যে ৮টি শূন্যপদ শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১৬টি শূন্যপদ সংরক্ষিত। ***১১) গোয়াতে*** মোট শূন্যপদ ৫৮টি (অসংরক্ষিত ৩১, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৫, ওবিসি ৪, এসসি ১ ও এসটি ১৭)। এর মধ্যে ৭টি শূন্যপদ শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। ***১২) গুজরাটে*** মোট শূন্যপদ ৩৫৭টি (অসংরক্ষিত ১৪৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৪২, ওবিসি ৯৭, এসসি ২২ ও এসটি ৫২)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১৮টি শূন্যপদ সংরক্ষিত। ***১৩) হরিয়ানায়*** মোট শূন্যপদ ১০৩টি (অসংরক্ষিত ৭২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১৪, ওবিসি ১৩ ও এসসি ৪)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১৪টি শূন্যপদ সংরক্ষিত। ***১৪) হিমাচল প্রদেশে*** মোট শূন্যপদ ১০২টি (অসংরক্ষিত ৪১, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১১, ওবিসি ২১, এসসি ২৩ ও এসটি ৬)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৫টি পদ সংরক্ষিত। ***১৫) জম্মু ও কাশ্মীরে*** মোট শূন্যপদ ২৫টি (অসংরক্ষিত ১৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, ওবিসি ৪, এসসি ৪ ও এসটি ২)। ***১৬) ঝাড়খণ্ডে*** মোট শূন্যপদ ৭৮টি (অসংরক্ষিত ২৯, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৬, ওবিসি ৭, এসসি ১৮ ও এসটি ১৮)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৩টি পদ সংরক্ষিত। ***১৭) কর্ণাটকে*** মোট শূন্যপদ ৪০৭টি (অসংরক্ষিত ২০৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৫৫, ওবিসি ৮৪, এসসি ৩০ ও এসটি ৩০)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১৯টি পদ সংরক্ষিত। ***১৮) কেরালায়*** মোট শূন্যপদ ১৪১টি (অসংরক্ষিত ৮৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১৩, ওবিসি ২৮, এসসি ১১ ও এসটি ১)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৭টি পদ সংরক্ষিত। ***১৯) লাক্ষাদ্বীপে*** মোট শূন্যপদ ৫টি (অসংরক্ষিত ৩ ও এসটি ২)। ***২০) মধ্যপ্রদেশে*** মোট শূন্যপদ ৩২৪টি (অসংরক্ষিত ১২৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২৮, ওবিসি ৪৮, এসসি ৫৪ ও এসটি ৭০)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১৫টি পদ সংরক্ষিত। ***২১) মহারাষ্ট্রে*** মোট শূন্যপদ ৭৯৯টি (অসংরক্ষিত ৪০১, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৯৫, ওবিসি ১৩২, এসসি ৭৩ ও এসটি ৯৮)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৪৩টি পদ সংরক্ষিত। ***২২) মণিপুরে*** মোট শূন্যপদ ৬টি (অসংরক্ষিত ৩, এসসি ১ ও এসটি ২)। ***২৩) মেঘালয়ে*** শূন্যপদ ৯টি (অসংরক্ষিত ৫, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, ওবিসি ১ ও এসটি ২)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ২টি পদ সংরক্ষিত। ***২৪) মিজোরামে*** শূন্যপদ ৩টি (অসংরক্ষিত ২ ও এসটি ১)। ***২৫) নাগাল্যান্ডে*** মোট শূন্যপদ ৯টি (অসংরক্ষিত ৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১ এবং এসটি ৪)। ***২৬) ওড়িশায়*** মোট শূন্যপদ ২২৯টি (অসংরক্ষিত ৯৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩১, ওবিসি ২৭, এসসি ৩৯ এবং এসটি ৩৪)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৮টি পদ সংরক্ষিত। ***২৭) পুদুচেরিতে*** মোট শূন্যপদ ৩টি (অসংরক্ষিত ২, ওবিসি ১)। ***২৮) পাঞ্জাবে*** মোট শূন্যপদ ৩৫২টি (অসংরক্ষিত ১৪৭, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৪০, ওবিসি ৭১ ও এসসি ৯৪)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৩০টি পদ সংরক্ষিত। ***২৯) রাজস্থানে*** মোট শূন্যপদ ১১৭টি (অসংরক্ষিত ৩৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১২, ওবিসি ৩৫, এসসি ২৬ ও এসটি ৬)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১১টি পদ সংরক্ষিত। ***৩০) সিকিমে*** শূন্যপদ ২৭টি (অসংরক্ষিত ১১, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২, ওবিসি ৭, এসসি ২ ও এসটি ৫)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ২টি পদ সংরক্ষিত। ***৩১) তামিলনাড়ুতে*** মোট শূন্যপদ ২৬৮টি (অসংরক্ষিত ১৭৭, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩২, ওবিসি ৩১, এসসি ২৫ ও এসটি ৩)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ২০টি পদ সংরক্ষিত। ***৩২) তেলেঙ্গানাতে*** মোট শূন্যপদ ২৬৩টি (অসংরক্ষিত ১৭৬, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৪৬, ওবিসি ১৯, এসসি ১০ ও এসটি ১২)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১৬টি পদ সংরক্ষিত। ***৩৩) ত্রিপুরাতে*** মোট শূন্যপদ ৮টি (অসংরক্ষিত ৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, এসসি ১ ও এসটি ২)। ***৩৪) উত্তরপ্রদেশে*** মোট শূন্যপদ ৬৬১টি (অসংরক্ষিত ২৭১, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৮৭, ওবিসি ১৬২, এসসি ১৩১ ও এসটি ১০)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ২৭টি পদ সংরক্ষিত। ***৩৫) উত্তরাখণ্ডে*** মোট শূন্যপদ ৪৯টি (অসংরক্ষিত ২৬, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৫, ওবিসি ৯, এসসি ৬ ও এসটি ৩)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ২টি পদ সংরক্ষিত।

- **বয়স :** ১ জুলাই, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স হতে হবে ২০-২৮ বছর। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।
- **শিক্ষাগত যোগ্য :** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক পাশ করলে প্রার্থী আবেদনযোগ্য। কম্পিউটার অপারেশনেও জ্ঞান থাকতে হবে।
- **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে প্লিলিমিনারি ও মেইন— দুটি অনলাইন পরীক্ষার মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষায় ৬০ মিনিটে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), নিউমেরিক্যাল এবিলিটি (৩৫ নম্বর), রিজনিং এবিলিটি (৩৫ নম্বর)— মোট ১০০ নম্বরের পরীক্ষা দিতে হবে। উত্তীর্ণ প্রার্থীদের মেইন পরীক্ষায় ১৬০ মিনিটে জেনারেল/ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস (৫০ নম্বর), জেনারেল ইংলিশ (৪০ নম্বর), রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (৬০ নম্বর) ও কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর)— মোট ২০০ নম্বরের পরীক্ষা দিতে হবে। অবজেক্টিভ টাইপের পরীক্ষায় এক-চতুর্থাংশ নেগেটিভ মার্কিং থাকবে। মেইন পরীক্ষায় উত্তীর্ণ হলেই প্রার্থী চূড়ান্ত মেধাতালিকায় জায়গা পাবেন। কোনো ইন্টারভিউ রাউন্ড নেই।
- **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ১ আগস্ট তারিখের মধ্যে প্রার্থীকে আবেদন করতে হবে www.ibps.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ৮৫০ টাকা। এসসি, এসটি, শারীরিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের আবেদন ফি ১৭৫ টাকা। প্রিলিমিনারি পরীক্ষা শুরু হচ্ছে আগস্টের ২৫-২৯ এবং সেপ্টেম্বরের ৪ তারিখ। মেন পরীক্ষা হবে ৩১ অক্টোবর। শূন্যপদ পরবর্তীতে আরও বাড়তে পারে। শূন্যপদের পরিবর্তিত সংখ্যা জানতে নিয়মিত উপরিউক্ত ওয়েবসাইটে চোখ রাখুন।

জিএসসিই পাবলিকেশনস থেকে সদ্য প্রকাশিত

অনলাইনে সংগ্রহ করতে এই ওয়েব লিঙ্ক অ্যাক্সেস করুন— www.ehubs.in
যোগাযোগ – 9874273000

সাফল্যলাভে জিজ্ঞাসা

নিয়মিত দেওয়া হচ্ছে আমাদের বিশেষ বিভাগ 'সাফল্যলাভে জিজ্ঞাসা'। শুধুমাত্র চাকরির পরীক্ষার খোঁজখবর নয়, চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, সরকারি চাকরির নানা ধরনের কোর্স ও ট্রেনিং, প্রয়োজনীয় ওয়েবসাইট– এমন বিবিধ প্রশ্নের সঠিক তথ্যের ডালি নিয়ে সাজানো এই বিভাগ। সমস্ত তথ্যের উত্তর দিচ্ছেন GSCE-র বিভাগীয় বিশেষজ্ঞগণ।

ডিগ্রি সম্বন্ধীয়

◆ আমি ইউজিসি স্বীকৃত প্রাইভেট ইউনিভার্সিটি থেকে ২০১৫-১৭ সালে মাস্টার্স করেছি। কিন্তু ২০১৯ সালে ইউজিসি উক্ত ইউনিভার্সিটির স্বীকৃতি খারিজ করে। বর্তমানে আমার ডিগ্রিটি ভ্যালিড হবে?

জাহাঙ্গীর আলম, মানিকচক, মালদা

☞ যেহেতু ২০১৯ সালে আপনার বিশ্ববিদ্যালয়ে স্বীকৃতি ইউজিসি খারিজ করে দিয়েছে, তাই এই মুহূর্তে আপনার মাস্টার্স ডিগ্রির কোনো বৈধতা নেই।

ওয়েস্ট বেঙ্গল কনস্টেবল এক্সাম

◆ ওয়েস্ট বেঙ্গল পুলিশে কনস্টেবল পদে প্রিলিমিনারি পরীক্ষার তারিখ কবে, দয়া করে বলবেন?

বাচ্চু দে

☞ প্রায় ৭,৭৪০টি শূন্যপদে এবছর পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদে আবেদনগ্রহণ হয়েছিল ২২ জানুয়ারি, ২০২১ তারিখ পর্যন্ত। পরীক্ষা হিসেবমতো এবছর জুন-জুলাই নাগাদ হওয়ার কথা। কিন্তু করোনা পরিস্থিতিতে বিধিনিষেধ আরোপিত হওয়ার ফলে পরীক্ষার তারিখ এখনও ঘোষণা করা হয়নি। কার্যকরী লকডাউন উঠলেই সমস্ত পরীক্ষাই নিয়মিত গ্রহণ করা হবে। আপডেট জানতে নিয়মিত চোখ রাখুন http://wbpolice.gov.in ওয়েবসাইটে।

◆ আমি ওয়েস্ট বেঙ্গল পুলিশে আবেদন করেছি। তবে লিঙ্গের জায়গায় পুরুষের পরিবর্তে মহিলা করে দিয়েছি। আমি কি ওয়েস্টবেঙ্গল পুলিশ প্রিলিমিনারি এক্সাম দিতে পারব? এক্সাম দেওয়ার পর কোনো অসুবিধা হতে না তো?

সুভাষ বেসরা

☞ আপনি যখন প্রিলিমিনারি পরীক্ষা দিতে অ্যাডমিট কার্ড নিয়ে পরীক্ষা দিতে উপস্থিত হবেন তখন আপনার মুখের সঙ্গে আপনার অ্যাডমিট কার্ডের ছবি মিলছে কিনা ইত্যাদি ভেরিফিকেশন করা হবে। সেই ভেরিফিকেশনের সময় আপনার যেকোনো আইডি প্রুফ ও অরিজিনাল কপি দেখাতে হবে। আপনার আইডি প্রুফে লেখা থাকবে আপনি পুরুষ এবং আপনার অ্যাডমিট কার্ডে লেখা থাকবে আপনি মহিলা। সুতরাং আপনাকে পরীক্ষাহলে ঢুকতে বাধা দিতে পারে।

ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং

◆ আমি অ্যাকাউন্ট্যান্সিতে স্নাতক পাশ করে কম্পিউটারে ৬ মাসের সার্টিফিকেট কোর্স করেছি। ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিংয়ে লোডার ও সুপারভাইজার পদে আবেদন চলছে। ঐ দুটি পদে আমি কি আবেদন করতে পারব?

সুজয় পাল, কুলতলি

☞ ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্ট ইন্ডিয়া লিমিটেড হ্যান্ডিম্যান/লোডার এবং সুপারভাইজার পদে ৩৭ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। হ্যান্ডিম্যান বা লোডার পদে বয়সসীমা ৪৫ বছর। ক্লাস এইট পাশের সঙ্গে স্থানীয় ভাষা এবং হিন্দি লিখতে, পড়তে ও বলতে পারলে আবেদন করা যাবে। শূন্যপদ ২৮টি। সুপারভাইজার পদে বয়সসীমা ৩০ বছর, যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে কম্পিউটার নলেজ থাকলে আবেদন করা যাবে। শূন্যপদ ৯টি। উভয় পদেই কাজের জায়গা হবে সুরাটে। আপনি দুটি পদের জন্যই আবেদন করতে পারেন। তার জন্য আলাদা করে দুবার আবেদন করতে হবে। আবেদন ফিও দুবার জমা করতে হবে। আবেদন ফি ৭৫০ টাকা। এসসি/এসটি/শারীরিক প্রতিবন্ধী ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণির প্রার্থীদের আবেদন ফি ৪৫০ টাকা। আবেদন করতে হবে www.becil.com ওয়েবসাইটে গিয়ে। এছাড়া বিস্তারিত জানুন উপরিউক্ত ওয়েবসাইটে।

ইনস্টিটিউট অফ কেমিক্যাল টেকনোলজি

◆ হায়দ্রাবাদের ইনস্টিটিউট অফ কেমিক্যাল টেকনোলজিতে উচ্চমাধ্যমিক পাশে আবেদনগ্রহণ চলছে। আপনাদের পত্রিকায় এ বিষয়ে কোনো খবর দেখলাম না। বিস্তারিত জানতে চাই।

সঞ্চয়িতা সাহা, হুগলি

☞ তেলেঙ্গার হায়দ্রাবাদে অবস্থিত সিএসআইআর-এর অধীনস্থ 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কেমিক্যাল টেকনোলজি' জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট শাখায় বিভিন্ন ক্যাটেগরিতে ১৮ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। পুরুষ ও মহিলা উভয় প্রার্থীরাই আবেদন করতে পারেন। আমাদের গত সংখ্যার পত্রিকাটি প্রকাশিত হয়েছে ৮ জুলাই এবং এই খবরটি প্রকাশিত হয়েছে ১০ জুলাই। তাই আগের সপ্তাহে এই খবর সম্পর্কে কোনোকিছুই আমরা জানাতে পারিনি। তবে যাই হোক আপনার প্রশ্নের উত্তরে এখানেই খবরটি সম্পর্কে বিস্তারিত জানিয়ে দিলাম। 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কেমিক্যাল টেকনোলজি' বা 'আইআইসিটি' সংশ্লিষ্ট পদে প্রার্থী নিয়োগের আবেদন গ্রহণ করছে অনলাইনে http://www.iict.res.in এই ওয়েবসাইটে। আবেদনের শেষ তারিখ ৮ আগস্ট। বয়সসীমা ২৮ বছর। মোট শূন্যপদ ১৮টি। জেনারেল শাখায় শূন্যপদ ৮টি (অসংরক্ষিত ৫, ওবিসি ২ ও এসটি ১)। ফিন্যান্স ও অ্যাকাউন্টস শাখায় শূন্যপদ ৫টি (অসংরক্ষিত ২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, ওবিসি ১ ও এসসি ১)। স্টোর অ্যান্ড পারচেজ শাখায় শূন্যপদ ৫টি (অসংরক্ষিত ২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, ওবিসি ২)। জেনারেল/স্টোর অ্যান্ড পারচেজ শাখায় আবেদনের জন্য যেকোনো স্ট্রিমে উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে কম্পিউটারে টাইপিং স্পিড থাকতে হবে ইংরেজিতে ৩৫টি শব্দ প্রতি মিনিটে ও হিন্দিতে ৩০টি শব্দ প্রতি মিনিটে। ফিন্যান্স অ্যান্ড অ্যাকাউন্টিং শাখায় আবেদনের জন্য অ্যাকাউন্টেন্সি নিয়ে উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে কম্পিউটারে টাইপিং স্পিড থাকবে হবে উপরিউক্ত পদগুলির মতোই। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও টাইপিং টেস্টের মাধ্যমে। সমস্ত শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমা ৮ আগস্ট, ২০২১ তারিখ অনুযায়ী বিবেচিত হবে। সংরক্ষিত শ্রেণির প্রার্থী হলে সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন। অনলাইনে আবেদনের পর আবেদন ফি জমা করতে হবে https://www.onlinesbi.com/sbicollect/icollecthome.htm এই লিঙ্কে লিগে। এসসি/এসটি/শারীরিক প্রতিবন্ধী ও মহিলা প্রার্থীদের আবেদন ফি লাগবে না। অনলাইনে সমস্ত আবেদনপত্র জমা করার পর সেটির প্রিন্টআউট কপি, প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত ফটোকপির সঙ্গে ২৩ আগস্টের মধ্যে পাঠিয়ে দিতে হবে এই ঠিকানায়– To, The Section Officer, Recruitment Section, CSIR-Indian Institute of Chemical Technology, Uppal Road, Tarnaka, Hyderabad-500007, Telengana। এছাড়া বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন। বিজ্ঞপ্তি নম্বর ০৩/২০২১।

ওয়াপকস লিমিটেড

◆ ওয়াপকস লিমিটেডে সিভিল ইঞ্জিনিয়ারিং পাশ যোগ্যতায় কি নিয়োগ চলছে। আমি বর্তমানে একটি বেসরকারি সংস্থায় কাজ করছি। আমি কি আবেদন করতে পারব?

প্রত্যুষ মণ্ডল, টিটাগড়

☞ রাজস্থানের যোধপুর, জয়শলমীর ও শিকার জেলায় গ্রাউন্ড ওয়াটার রিসোর্স ডেভেলপমেন্টে অ্যান্ড ম্যানেজমেন্ট ডিভিশন-এর অধীনস্থ প্রজেক্টে কাজের জন্য চুক্তিভিত্তিক পদ্ধতিতে ৬ জনকে সিভিল ইঞ্জিনিয়ারিং পাশ যোগ্যতায় নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে ওয়াপকস লিমিটেড। ১ জুলাই, ২০২০ তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স হতে ৩০ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থী হলে বয়সে ছাড় পাবেন। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিবই/বিটেক পাশ করতে হবে। অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে সংশ্লিষ্ট শাখায়। মাসিক বেতন ৪০ হাজার টাকা। আপানর ক বছরের কাজের অভিজ্ঞতা আছে সে বিষয়ে কিছু জানাননি। ৩ বছরের ওপর কাজের অভিজ্ঞতা থাকলে ২৩ জুলাই তারিখের মধ্যে আপনার চিঠি পাঠিয়ে দেবেন personnel@wapcos.co.in এই ইমেল আইডিতে। প্রার্থী বাছাই হবে স্কিল টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে। বিস্তারিত জানতে www.wapcos.co.in ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

চাকরির পরীক্ষার বিজ্ঞপ্তি, পরীক্ষার তারিখ, ফল প্রকাশ ইত্যাদি চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, নানা ধরনের কোর্স ও ট্রেনিং সম্পর্কিত কোনও প্রশ্ন থাকলে নিজের নাম, ঠিকানা, ফোন নম্বর ও ইমেল আইডি দিয়ে প্রশ্নপত্র পাঠাতে পারেন। পাঠাবেন এই ইমেল আইডিতে। **Email : sckmatter@gmail.com** অনুগ্রহ করে একাধিক প্রশ্ন পাঠাবেন না। আগে আসার ভিত্তিতে ধারাবাহিকভাবে উত্তর ছাপানো হবে। কোনো বিতর্কিত প্রশ্নের উত্তর দেওয়া হবে না।

ইনকাম ট্যাক্স ডিপার্টমেন্টে ১৫৫

১ পাতার পর

২০২১ তারিখের মধ্যে www.incometaxmumbai.gov.in অথবা, https://www.incometaxmumber.in এই ওয়েবসাইটে গিয়ে। ১ আগস্ট, ২০২১ তারিখ অনুযায়ী ইন্সপেক্টোরেট অফ ইনকাম ট্যাক্স পদে বয়সসীমা ১৮-৩০ বছর, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট পদে বয়সসীমা ১৮-২৭ বছর এবং মাল্টি টাস্কিং স্টাফ পদে বয়সসীমা ১৮-২৫ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থী হলে বয়সে ছাড় পাবেন। ইন্সপেক্টোরেট অফ ইনকাম ট্যাক্স শাখায় শূন্যপদ ৮টি। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট শাখায় শূন্যপদ ৮৩টি। যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে ডেটা এন্ট্রিতে স্পিড থাকতে হবে প্রতি ঘণ্টায় ৮০০০ কী ডিপ্রেসন। মাল্টি টাস্কিং স্টাফ শাখায় শূন্যপদ ৬৪টি। স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদনযোগ্য। প্রার্থীদের (১) অ্যাথলেটিক্স, (২) সুইমিং, (৩) স্কোয়াশ, (৪) বিলিয়ার্ডস, (৫) চেস, (৬) ক্যারাম, (৭) ব্রিজ, (৮) ব্যাডমিন্টন, (৯) লন টেনিস, (১০) টেবিল টেনিস, (১১) শুটিং, (১২) ওয়েট লিফটিং, (১৩) রেসলিং, (১৪) বক্সিং, (১৫) জুডো, (১৬) জিমন্যাস্টিক্স, (১৭) বডি বিল্ডিং, (১৮) ভলিবল, (১৯) বাস্কেটবল, (২০) ফুটবল, (২১) কাবাডি এবং (২২) ক্রিকেট। উপরিউক্ত স্পোর্টস কোটাগুলিতে জাতীয় স্তরে ভালো পারফরম্যান্স থাকলে তবেই প্রার্থীরা আবেদন করতে পারবেন। উল্লেখ্য, (১৭) থেকে (২২) নম্বর পর্যন্ত স্পোর্টস শাখায় শুধুমাত্র পুরুষ প্রার্থীরা আবেদন করতে পারেন। বাকি ক্ষেত্রে মহিলা প্রার্থীরা আবেদন করতে পারেন। এছাড়া আরও বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

Dates of Upcoming Examinations

Examination Name	Date	Website
BANK EXAM		
IBPS Clerk-XI (Preli Exam) 2021	28-29.08.2021 04-05.09.2021	www.ibps.in
IBPS Clerk-XI (Mains Exam) 2021	31.10.2021	
IBPS PO / MT (Preli Exam) 2021	9,10,16,17.10.2021	
IBPS PO / MT (Mains Exam) 2021	27.11.2021	
RRB Office Asst., Officer Scale-I (X) Preli Exam	1,7,8,14,21.08.2021	
RRB Office Asst. (X) Mains Exam	03.10.2021	
RRB Officer Scale-I, II Mains Exam	25.09.2021	
UPSC (Union Public Service Commission)		
Indian Forest Service (Preli) Exam-2021	27.06.2021	www.upsc.gov.in
Indian Forest Service (Mains) Exam-2021	21.11.2021	
Civil Services (Preli) Exam-2021	27.06.2021	
Civil Services (Mains) Exam-2021	17.09.2021	
CDS Exam-II 2021	14.11.2021	
NDA & NA Exam-II 2021	05.09.2021	
CAPF (ACs) Exam 2021	08.08.2021	
Engineering Service Preli Exam 2021	18.07.2021	
IES / ISS Exam 2021	16.07.2021	
Staff Selection Commission		
MTS Tier-I Exam 2021	01-20.07.2021	www.ssc.nic.in
MTS Tier-II Exam 2021	21.11.2021	
SSC GD Constable, 2020	02-25.08.2021	
Delhi Police SI (Paper-II) 2020	12.07.2021	
West Bengal & All India Various Exams' Date		
WBCS Preliminary 2021 Exam	22.08.2021	www.wbpsc.gov.in
WBCS 2020 Mains Exam	27-29, 31.08.2021	
PSC ICDS Supervisor (Mains)	12-13.12.2021	
PSC Audit & Accounts Service 2020 Preli	13.06.2021 (Postponed)	

West Bengal and All India Various Exams' Result	
IBPS Clerk-X Main Exam Result	www.ibps.in
IBPS PO / MT-IX Provisional Allotment under Reserve List	
IBPS Clerk-IX Provisional Allotment under Reserve List	
IBPS PO / MT-X Mains Result	
IBPS Clerk-X Mains Result	
IBPS RRB-IX (Office Assistant) Mains Result	
WB Police Constable (Male) Final Exam Result	www.wbpolice.gov.in
WB Police Excise Constable Prelims Result, 2019	
WB Police SI 2019 Prelims Result	
WB Police SI & ISI Final Result	

The results of the following examinations have been published. For more details browse the respective websites.

Examination	Website
UPSC (Union Public Service Commission)	
UPSC CDS-II 2020 Result	www.upsc.gov.in
Joint Asst. Director (Advt. 13/2019) Result	
Deputy Central Intelligence Officer (Advt. 18 / 2019) Result	
Asst. Legal Advisor (Advt. 10 / 2019) Result	
Company Prosecutor (Advt. 06 / 2019) Result	
CAPF (ACS) Exam 2018 Reserve List	
CDS (1) 2020 Result	
IES Exam 2019 Final Result	
Engineering Services 2020 (Prelims)	
Civil Services Exam 2019 (Mains)	
Staff Selection Commission	
SSC Junior Engineer 2020 Paper-I Result	www.ssc.nic.in
Jr. Hindi Translator, Jr. Translator 2020 Paper-II Result	
SSC SI & ASI 2018 Final Result	
SSC CGL 2019 Tier-I Result	
SSC CGL 2018 Final Result	
SSC Stenographer Grade-C&D 2018 Revised Final Result	
SSC CPO Paper-I Aditional Result	
CHSL Exam 2018 (Tier-II) Result	
Junior Hindi Translator & other 2018 Final Result	
Selection Posts (Phase-VII) CBT Result	
SI in Delhi Police & ASI in CISF Exam 2019 Result	
West Bengal and All India Various Exams' Result	
WB Municipal Service Commission, Field Worker MHW Advt. No. 09, 20 / 2020	www.mscwb.org
WB Municipal Service Commission, Food Safety Officer Advt. No. 13,19/2020	
WB Municipal Service Commission, Sub-Assistant Engineer Advt. No. 08/2020	
Calcutta High Court District Judge Preli Result	calcuttahighcourt.gov.in
IBPS PO/MT-X Mains Result	www.ibps.in
IBPS Clerk-X Preli Result	
WBSEDCL Assistant Engineer Final Result, 2019	www.wbsedcl.in
SBI Clerk Preli Result,2020	www.sbi.co.in
West Bengal Co-Operative Service Commission Result	www.webcsc.org
WBPSC Audit & Accounts Service Exam 2019 Preliminary	www.wbpsc.gov.in
WBPSC Misc. Services Preliminary 2019 Results	
WBPSC Food & Supply Sub-Inspector Result	
FCI Manager Phase-II Result	www.fci.gov.in
WBCS 2020 Preliminary Result	www.wbpsc.gov.in
PSC Miscellaneous Services Exam 2018 Mains Result	www.wbpsc.gov.in
PSC Industrial Development Officer Prelims Result	
RBI Officer Grade-B Phase-I Result	www.rbi.org.in

সম্প্রতি প্রকাশিত পরীক্ষার ফলাফল এবং আসন্ন পরীক্ষার তারিখ তালিকার আকারে উপরে দেওয়া হয়েছে। সাম্প্রতিক লকডাউন পরিস্থিতিতে অনেক পরীক্ষার তারিখ পিছোতে পারে, নতুন তারিখ জানানো হলে আমরা তা পত্রিকায় জানিয়ে দেব। পরীক্ষায় প্রার্থীর নিজের ফলাফল জানতে বা আসন্ন পরীক্ষায় কীভাবে প্রস্তুতি নিলে চূড়ান্ত সফল হবেন, সে বিষয়ে যদি সহায়তা চান, তাহলে 'জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এগজামস' (GSCE)-এর নিকটবর্তী কেন্দ্রে যোগাযোগ করুন।



গাণিতিক পদার্থবিদ কুমার ঈশ্বরন

কারেন্ট অ্যাফেয়ার্স

কোপায় স্বপ্নপূরণ মেসির

দেশ ও বিদেশের উল্লেখযোগ্য খবর

রাজ্যের খবর

পাঁচ বছরে দেড় কোটি চাকরি ঘোষণা মুখ্যমন্ত্রীর

৭ জুলাই রাজ্য বাজেটের অধিবেশনের পরে মুখ্যমন্ত্রী **মমতা বন্দ্যোপাধ্যায়** ঘোষণা করেন, আগামী **পাঁচ বছরে রাজ্যে দেড় কোটি কর্মসংস্থান** হবে। একইসঙ্গে তিনি জানিয়েছেন, সংখ্যালঘু ও মাদ্রাসা শিক্ষা বিভাগে ৪ হাজার ৭৭৭ কোটি ৮১ লক্ষ, অনগ্রসর শ্রেণি কল্যাণ বিভাগে ২ হাজার ১৭১ কোটি ৭৮ লক্ষ এবং স্বনির্ভর ও স্বনিযুক্তি বিভাগে ৭১২ কোটি ৮৬ লক্ষ টাকা বরাদ্দ করা হচ্ছে।

জাতীয় খবর

ভারতে প্রথম বেসরকারি লিকুইড ন্যাচারাল গ্যাস প্ল্যান্টের উদ্বোধন নাগপুরে

নাগপুরে 'লিকুইড ন্যাচারাল গ্যাস প্ল্যান্টে'র উদ্বোধনে নীতিন গড়করি

কেন্দ্রীয় সড়ক ও পরিবহণ মন্ত্রী **নীতিন গড়করি** মহারাষ্ট্রের নাগপুরে প্রথমবার বেসরকারি উদ্যোগে তৈরি **'লিকুইড ন্যাচারাল গ্যাস প্ল্যান্টে'র উদ্বোধন** করলেন। প্ল্যান্টটি তৈরি করেছে **বৈদ্যনাথ আয়ুর্বেদিক গ্রুপ**। বিকল্প জৈব জ্বালানির ব্যবস্থা করতে গড়করি বরাবরই জোর দিয়ে এসেছেন। বিভিন্ন জৈব জ্বালানির মধ্যে 'কম্প্রেস ন্যাচারাল গ্যাস' (সিএমজি), 'লিকুইড ন্যাচারাল গ্যাস' (এলএনজি), হাইড্রোজেন জ্বালানি, দেশজ পদ্ধতিতে তৈরি ইথানল ইত্যাদি ব্যবহারে বায়ুদূষণ অত্যন্ত কম হয়। তাই বৈদ্যনাথ আয়ুর্বেদিক গ্রুপের তৈরি এই প্ল্যান্টটিকে উদ্বোধনের মাধ্যমে গড়করি এটাই বোঝালেন যে, পেট্রোল, ডিজেল ও পেট্রোলিয়ামজাত জিনিসের ব্যবহারের পরিবর্তে আমাদের দেশ জৈব জ্বালানি ব্যবহারে বেশি মনোযোগ দেবে।

আন্তর্জাতিক খবর

তৃতীয় জি-২০ সম্মেলন অনুষ্ঠিত হল ভেনিসে

৯-১০ জুলাই ইটালির ভেনিসে অনুষ্ঠিত হল তৃতীয় জি-২০ সম্মেলন। যেখানে সদস্য দেশগুলির অর্থমন্ত্রীরা এবং সেন্ট্রাল ব্যাঙ্কগুলির গভর্নরগণ

তৃতীয় জি-২০ সম্মেলন

ভার্চুয়াল মাধ্যমে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে আলোচনার মূল বিষয়বস্তু ছিল গ্লোবাল ইকোনমিক রিস্ক তথা অতিমারী পরিস্থিতিতে প্রত্যেকটি দেশের মানুষদের মধ্যে মৃত্যুহার কমানো ও বিভিন্ন অর্থনৈতিক সেক্টরের সমস্যা। এই সম্মেলনের আয়োজন করেছে ইটালি।

বিজ্ঞান ও প্রযুক্তি

বরফের ১৬১ বছরের জট খুললেন কুমার ঈশ্বরন

১৬১ বছর আগে গণিতজ্ঞ **রাইম্যান** তাঁর **'হাইপোথিসিসে'** জানিয়েছিলেন, ১ থেকে ১০০ কোটি বা ১০০০ কোটি সংখ্যার মধ্যে বিশাল আকারের প্রাইম (মৌলিক) সংখ্যা মোট কতগুলি রয়েছে, তা খুব সহজে গণনা করে বলে দেওয়া যেতে পারে। কিন্তু তা আগামী ১ হাজার বছরেও প্রমাণ করা যাবেনা বলে বিশ্বাস করতেন অধিকাংশ খ্যাতনামা গণিতজ্ঞগণ। সেই জটিল সমস্যার সমাধান করে দিলেন হায়দ্রাবাদের **'শ্রীনিধি ইনস্টিটিউট অফ সায়েন্স অ্যান্ড টেকনোলজি'**র গাণিতিক পদার্থবিদ **কুমার ঈশ্বরন**। ২০০০ সালে 'ক্লে ম্যাথমেটিক্স ইনস্টিটিউট অফ কেমব্রিজ' ঘোষণা করেছিল, যিনি **'রাইম্যান হাইপোথিসিস'** প্রমাণ করতে পারবেন তাকে ১০ লক্ষ ডলার অর্থ পুরস্কার দেওয়া হবে। এটি প্রমাণ করে পুরস্কার ছিনিয়ে নেওয়ার সঙ্গে সঙ্গে বিশ্বের তাবড় তাবড় বিজ্ঞানীদের সামনে ঈশ্বরন প্রমাণ করলেন, ভারতীয়রা গণিতশাস্ত্রে দক্ষতার পরিচয় দিতে পারে।

আন্টার্কটিকায় প্রথম সবুজ উদ্ভিদ আবিষ্কার ভারতীয়র

আন্টার্কটিকায় উদ্ভিদের সম্পূর্ণ নতুন একটি প্রজাতির হদিশ পেলেন এক ভারতীয় উদ্ভিদ বিজ্ঞানী। **'মস'** (এক ধরনের শৈবাল) জাতীয় উদ্ভিদের অস্তিত্ব পাওয়া গেল আন্টর্কটিকার অত্যন্ত পুরু বিশাল বরফের চাঙড়ের উপর। ভারতীয় আবিষ্কারের প্রমাণস্বরূপ সেই উদ্ভিদের বৈজ্ঞানিক নাম দেওয়া হয়েছে **'ব্রায়াম ভারতিয়েনসিস'**। আন্টর্কটিকায় গবেষণার জন্য ভারতীয় ক্যাম্পটির নাম **'ভারতী'**। আবিষ্কারক হলেন 'পাঞ্জাবের সেন্ট্রাল ইউনিভার্সিটি'র উদ্ভিদ বিজ্ঞান বিভাগের প্রধান অ্যাসোসিয়েট প্রফেসর **ফেলিক্স বাস্ট**। ২০১৬-১৭ সালে ভারতের আন্টর্কটিকা মিশনের সদস্য হিসাবে তিনি গিয়েছিলেন, পূর্ব আন্টর্কটিকার লার্সেম্যান হিলসে, যেখানে রয়েছে ভারতের ক্যাম্প **'ভারতী'**। তার আশেপাশেই পুরু বরফ ও পাথরের উপর তিনি ও তাঁর এক ছাত্র হদিশ পান 'মস' এর। পরে ডিএনএ পরীক্ষা-সহ আরও সবিস্তারে জানা যায়, এই প্রজাতির উদ্ভিদের হদিশ আন্টর্কটিকায় আগে পাওয়া যায়নি।

ফেলিক্স বাস্ট

ইসরো লঞ্চ করতে চলেছে জিস্যাট-১ স্যাটেলাইট

২২৬৮ কেজি ওজনের **'জিও ইমেজিং স্যাটেলাইট-১' (জিস্যাট-১)** শীঘ্রই লঞ্চ করতে চলেছে ইসরো। আগামী ১২ আগস্ট অন্ধ্রপ্রদেশের নেলোর জেলায় অবস্থিত শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান স্পেস সেন্টার থেকে এই স্যাটেলাইটটিকে লঞ্চ করা হবে **'জিও সিঙ্ক্রোনাস স্যাটেলাইট লঞ্চ ভেহিক্যাল-এফ১০'** রকেটের মাধ্যমে। এই স্যাটেলাইটের মাধ্যমে পৃথিবীকে পর্যবেক্ষণ করা হবে নিরক্ষরেখার ৩৬ হাজার কিমি দূরত্ব থেকে। ২০২১ সালে ইসরো এই নিয়ে

জিস্যাট-১

দ্বিতীয়বার স্যাটেলাইট লঞ্চ করতে চলেছে। এর আগে ২৮ ফেব্রুয়ারি **অ্যামাজোনিয়া-১ স্যাটেলাইটটিকে** লঞ্চ করা হয়েছিল ব্রাজিল থেকে।

খেলাধুলা

জুনিয়র উইম্বলডনে চ্যাম্পিয়ন প্রবাসী বাঙালি

মাত্র ১৭ বছর বয়সে জুনিয়র উইম্বলডন জিতে ইতিহাসের পাতায় নাম লিখিয়ে ফেললেন **সমীর বন্দ্যোপাধ্যায়**। ঘাসের কোর্টে ফাইনালে প্রতিপক্ষ **ভিক্টর লিলোভকে** একেবারে খড়কুটোর মতো উড়িয়ে দেন তিনি। মাত্র ১ ঘণ্টা ২২ মিনিটে প্রতিপক্ষকে তিনি পরাজিত করেন ৭-৫, ৬-৩ ফলাফলে। এই মহার্ঘ্য ট্রফি পেয়ে স্বভাবতই উচ্ছ্বসিত আমেরিকাবাসী এই প্রবাসী বঙ্গসন্তান।

সমীর বন্দ্যোপাধ্যায়

সমীরের বাবার বেড়ে ওঠা অসমে এবং মা বিশাখাপত্তনমে মানুষ হয়েছেন। কাজের সুবাদে প্রায় ৩৫ বছর আগে তারা আমেরিকা পাড়ি দেন। সেখানে সমীর জন্মগ্রহণ করেন। মাত্র ৬ বছর বয়সে টেনিসে হাতেখড়ি হয় তার।

ইউরো ২০২১ ট্রফি আবার রোমে

১৯৬৮ সালের পর দ্বিতীয়বার ফুটবলের ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপ খেতাব অর্জন করল **ইটালি**। তারা পরাজিত করল **ইংল্যান্ডকে**। ফাইনাল ম্যাচটি অনুষ্ঠিত হল ইংল্যান্ডের ওয়েম্বলি স্টেডিয়ামে। গত ১১ জুন থেকে ১১ জুলাই পর্যন্ত ইউরোপের ১১টি দেশে অনুষ্ঠিত হল ১৬তম ইউরোপিয়ান ফুটবল চ্যাম্পিয়নশিপ। ২৪টি ইউরোপীয় দেশ এই টুর্নামেন্টে অংশগ্রহণ করেছিল। নির্ধারিত সময়ে খেলার ফলাফল ছিল ১-১। ম্যাচ শুরু ২ মিনিটের মাথায় **লুকশ**-র গোলে ইংল্যান্ড এগিয়ে যায়। সেই গোল প্রথমার্ধ পর্যন্ত ধরে রেখেছিল তারা। ম্যাচের ৬৭ মিনিটের মাথায় গোল পরিশোধ করে ইটালির **বোনুচ্চি**। অতিরিক্ত সময়েও কোনো গোল হয়নি। শেষ পর্যন্ত টাইব্রেকারে

GSCE Publications

থেকে প্রকাশিত বাংলা ও ইংরেজি মাসিক পত্রিকা

WBCS, PSC, SSC, স্কুল সার্ভিস, রেল, ব্যাঙ্ক ইত্যাদি রাজ্য ও কেন্দ্রীয় সরকারি চাকরির পরীক্ষায় সঠিক ও পরিকল্পনামাফিক প্রস্তুতির জন্য প্রতিটি চাকরিপ্রার্থীর কাছে অপরিহার্য ও নির্ভরযোগ্য এবং পাঠককুলের বিচারে বাংলার সেরা ও সর্বাধিক বিক্রিত বাংলা মাসিক পত্রিকা **'অ্যাচিভার্স'** এবং ইংরেজি মাসিক পত্রিকা **'ACHIEVERS In Focus'** প্রতি মাসের প্রথম সপ্তাহে প্রকাশিত হয়।

George Telegraph • Since 1920

ইউরো সেরা ইটালি

ইংল্যান্ডে হারিয়ে চ্যাম্পিয়ন হল ইটালি। ম্যাচের মধ্যে দৃষ্টান্ত স্থাপন করলেন ইটালির গোলকিপার জিয়ানলুইজি দোনরুমা। তিনি টাইব্রেকারে ৩টি শট আটকে ইটালির স্বপ্ন পূরণ করেন। 'ম্যান অফ দ্য টুর্নামেন্ট' (গোল্ডেন বল অ্যাওয়ার্ড)-ও হয়েছেন তিনি। ৫টি গোল করে 'গোল্ডেন বুট অ্যাওয়ার্ড' পেলেন পর্তুগালের ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। 'সেরা প্রতিশ্রুতিমান খেলোয়াড়'র সম্মান পেলেন স্পেনের পেদ্রো গঞ্জালেজ লোপেজ।

টেনিসের ইতিহাসে পুরুষদের মধ্যে সর্বাধিক গ্র্যান্ডস্লাম জয়ের রেকর্ড জকোভিচের

নোভাক জোকোভিচ

১০ জুলাই ২০তম গ্র্যান্ডস্লাম এবং ষষ্ঠবার উইম্বলডন খেতাব জিতে নোভাক জোকোভিচ স্পর্শ করে ফেললেন রজার ফেডেরার ও রাফায়েল নাদালকে। পাশাপাশি পুরুষদের টেনিসে সর্বাধিক গ্র্যান্ডস্লাম জয়ের নিরীখে ফেডেরার ও নাদালের সঙ্গে একই আসনে বসে পড়লেন এই সার্বিয়ান তারকাও। এদিন ইটালির মাতেয়ো বেরাত্তিনিকে হারিয়ে এই রেকর্ড স্পর্শ করেন তিনি। প্রথম সেট ৬-৭ (৪-৭) এ পিছিয়ে পড়লেও দ্বিতীয় সেট থেকে ঘুরে দাঁড়ান জকোভিচ। এরপর যথাক্রমে ৬-৪, ৬-৪, ৬-২ ও ৬-৩ সেটে দুর্ধর্ষ লড়ে হারিয়ে দেন বেরাত্তিনিকে। কিছুদিন আগেই ফ্রেঞ্চ ওপেন চ্যাম্পিয়ন হয়েছেন এই ফ্রেঞ্চ তারকা। ফেডেরার ও নাদালের পক্ষে আর কোনো গ্র্যান্ডস্লাম চ্যাম্পিয়ন হওয়া সম্ভব নয়, দাবি বিশেষজ্ঞ মহলের। ইতিমধ্যে ফেডেরারের অবসর নিয়েও জল্পনা শুরু হয়ে গিয়েছে। স্বভাবতই ছেলেদের মধ্যে সর্বাধিক গ্র্যান্ডস্লাম জয়ের লড়াইয়ে এগিয়ে থাকলেন জোকার। মহিলাদের মধ্যে প্রত্যাশিতভাবেই অস্ট্রেলিয়ার অ্যাসলে বার্তি এবছরের উইম্বলডন খেতাব অর্জন করলেন চেক প্রজাতন্ত্রের ক্যারোলিনা পিসকোভাকে পরাজিত করে। বার্তির এটিই প্রথম উইম্বলডন খেতাব। তাঁর পক্ষে খেলার ফল দাঁড়ায়– ৬-৩, ৬-৭ ও ৬-৩। *একনজরে উইম্বলডন ওপেনে বিজয়ীদের তালিকা—*

বিভাগ	বিজয়ী	রানার্স-আপ
পুরুষ সিঙ্গলস	নোভাক জোকোভিচ (সার্বিয়া)	মাতেয়ো বেরাত্তিনি (ইটালি)
মহিলা সিঙ্গলস	অ্যাসলে বার্তি (অস্ট্রেলিয়া)	ক্যারোলিনা প্লিসকোভা (চেক প্রজাতন্ত্র)
পুরুষ ডাবলস	নিকোলা মেকটিক ও মেট প্যাভিক (ক্রোয়েশিয়া)	মার্সেল গ্র্যানোলার্স (স্পেন) ও হোরাসিও জেবালোস (আর্জেন্টিনা)
মহিলা ডাবলস	এলিস মার্টেন্স (বেলজিয়াম) ও সিস সু উই চাইনিজ তাইপে)	ভেরোনিকা কুডারমেটোভা ও এলিনা ভেসনিনা (রাশিয়া)
মিক্সড ডাবলস	নেল স্কুপস্কি (ব্রিটিশ যুক্তরাজ্য) ও ডিজারি ক্রজিক (মার্কিন যুক্তরাষ্ট্র)	জো স্যালিসবারি ও হ্যারেট ডার্ট (ব্রিটিশ যুক্তরাজ্য)

২৮ বছর পর ফের কোপা সেরা আর্জেন্টিনা

চিরপ্রতিদ্বন্দ্বী ব্রাজিলকে ১-০ গোলে হারিয়ে দীর্ঘ ২৮ বছর পর ফের কোপা আমেরিকা ফুটবলে চ্যাম্পিয়ন হল আর্জেন্টিনা। ম্যাচের একমাত্র গোলটি করেন অ্যাঞ্জেল ডি মারিয়া। স্বপ্ন পূরণ হল মেসির। গত দুবার ফাইনালে উঠেও দেশকে চ্যাম্পিয়ন করতে পারেননি মেসি। দীর্ঘ প্রতিক্ষার পর এই প্রথম দেশের হয়ে কোনো বড় ট্রফি জয় করলেন মেসি। এবারের কোপা আমেরিকা ফুটবলের আয়োজন করেছিল ব্রাজিল। ফাইনাল ম্যাচটি অনুষ্ঠিত হয় ব্রাজিলের রিও-ডি জেনেরিওর মারাকানা স্টেডিয়ামে। গতবার এই স্টেডিয়ামেই আর্জেন্টিনাকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছিল চিলি (পেরু)। উল্লেখ্য, ২০২২ সালের ফুটবল বিশ্বকাপ অনুষ্ঠিত হবে কাতারে। তার আগে এই ট্রফি জয় আর্জেন্টিনাকে বাড়তি মনোবল জোগাবে। 'গোল্ডেন গ্লোভ' (সেরা গোলকিপার) অ্যাওয়ার্ড পেলেন আর্জেন্টিনার এমিলিয়ানো মার্টিনেজ। 'গোল্ডেন বল' পেয়েছেন লিওনেল মেসি (৬ ম্যাচে ৪ গোল ও ৫টি গোলে অ্যাসিস্ট)। 'বেস্ট প্লেয়ার অ্যাওয়ার্ড (সেরা খেলোয়াড়)-এর সম্মানও পেলেন আর্জেন্টিনার লিওনেল মেসি ও ব্রাজিলের নেইমার। ফাইনালে সেরা খেলোয়াড়ের সম্মান পেলেন অ্যাঞ্জেল ডি মারিয়া।

ক্রোয়েশিয়া গ্র্যান্ড চেস ট্যুর ২০২১ খেতাবে দ্বিতীয় বিশ্বনাথন

এবছরের ক্রোয়েশিয়া গ্র্যান্ড চেস ট্যুরের র‍্যাপিড এবং ব্লিটজ টুর্নামেন্টে দ্বিতীয় স্থানে শেষ করলেন ভারতের বিশ্বনাথন আনন্দ। গত ৫-১২ জুলাই ক্রোয়েশিয়ার জাগ্রেবে এই টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। ফ্রান্সের ম্যাকসিম ভ্যাসিয়ার-ল্যাগ্রেভ শেষ করলেন প্রথম স্থানে। র‍্যাপিড এবং ব্লিটজ উভয় সেকশন থেকেই তাঁর প্রাপ্ত স্কোর হয় ২৩। অন্যদিকে উভয় সেকশন মিলে আনন্দ স্কোর করেন ২১।

বিশ্বনাথন আনন্দ

উল্লেখ্য, ইন্টারন্যাশনাল চেস ফেডারেশন সম্প্রতি বিশ্ব তালিকা প্রকাশ করেছে, যেখানে বিশ্বনাথন আনন্দ আছেন ১৫তম স্থানে। শীর্ষস্থানে আছেন নরওয়ের ম্যাগনাস কার্লসেন। মহিলা বিভাগে বিশ্বের একনম্বর দাবা খেলোয়াড় হলেন চিনের হৌ ওয়াইফান। ভারতের কোনেরু হাম্পি আছেন তৃতীয় স্থানে।

আন্তর্জাতিক নিয়োগ

☞ **অ্যাবি আহমেদ :** ইথিওপিয়ার প্রধানমন্ত্রী অ্যাবি আহমেদের পার্টি এবারের বিধানসভা নির্বাচনে ৪৩৬টি আসনের মধ্যে ৪১০টি আসনে জিতে দ্বিতীয়বার সরকার গড়তে চলেছে। অ্যাবি আহমেদই দ্বিতীয়বার প্রধানমন্ত্রী পদে আসীন হবেন। গত ২১ জুন সেদেশে গণতান্ত্রিক পদ্ধতিতে ভোট অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, ২০১৯ সালে অ্যাবি আহমেদ প্রথম ইথিওপিয়ান হিসেবে 'নোবেল শান্তি পুরস্কার' লাভ করেন।

অ্যাবি আহমেদ

প্রয়াণ

বলিউডের ট্র্যাজেডি কিং-এর জীবনাবসান

৭ জুলাই সকাল সাড়ে ৭টায় মুম্বাইয়ের হিন্দুজা হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করলেন বলিউডের কিংবদন্তী অভিনেতা দিলীপ কুমার। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৮ বছর। বয়সজনিত অসুস্থতার কারণে গত এক বছর ধরে তাঁকে একাধিকবার হাসপাতালে ভর্তি হতে হয়। শ্বাসকষ্টের কারণে শেষবার ভর্তি হয়েছিলেন এক সপ্তাহ আগে। এদিন বিকেল ৫টায় মুম্বাইয়ের সান্তাক্রুজে রাষ্ট্রীয় মর্যাদায় প্রয়াত অভিনেতার শেষকৃত্য সম্পন্ন করা হয়। দিলীপ কুমারের আসল নাম ছিল মহম্মদ ইউসুফ খান। চলচ্চিত্র জগতে পা রাখার পরে নাম গ্রহণ করেন দিলীপ কুমার। এই নামেই বিশ্ব-পরিচিতি লাভ করেন তিনি। 'মুঘল-ই আজম', 'দেবদাস', 'রাম অউর শ্যাম', 'মধুমতী', 'গঙ্গা-যমুনা'-এর মতো কালজয়ী কিছু ছবিতে ছড়িয়ে রয়েছে তাঁর অভিনয় প্রতিভার স্বাক্ষর। পুরস্কার হিসাবে পেয়েছেন 'পদ্মবিভূষণ' ও 'দাদাসাহেব



ফালকে' পুরস্কার সম্মান। বলিউডে দিলীপ কুমারকে বলা হত ট্র্যাজেডি কিং। অভিনয়ে ফুটিয়ে তুলতে পারতেন আবেগের নানা স্তর, দুঃখ শোকের নানা পরত। অবিভক্ত ভারতের পেশোয়ারে জন্মগ্রহণ করেন দিলীপ কুমার। ১৯৩০ সালে পরিবার নিয়ে তৎকালীন বম্বেতে চলে আসে তাঁর পরিবার। সেখানেই ইউসুফ নামে বড় হয়ে ওঠেন তিনি। পড়াশোনা শেষ করে পুণেতে চলে যান ইউসুফ। প্রায় পাঁচ হাজার টাকা জমিয়ে ফিরে আসেন মুম্বাই। মুম্বাইতে ফিরে অর্থ রোজগারের জন্য চারদিকে কাজের খোঁজ করছিলেন তিনি। ভাগ্যের ফেরে তিনি চলে আসেন বম্বে টকিজের দোর গোড়ায়। মাসিক ১২৫০ টাকার বিনিময়ে সেখানে দেবিকা রানি তাকে চাকরিতে বহাল করেন। দেবিকা রানিই তাঁকে অভিনয়ে বিশেষভাবে উদ্বুদ্ধ করেন এবং দিলীপ কুমার নামটি তিনিই দেন। ১৯৪৪ সালে মুক্তি পায় দিলীপ কুমারের প্রথম ছবি 'জোয়ার-ভাঁটা'। বক্স অফিসে সেরকম ব্যবসা করতে পারেনি ছবিটি। ১৯৪৭ সালে মুক্তিপ্রাপ্ত 'জুগনু' ছবিটিই প্রথম দিলীপ কুমারকে সাফল্যের মুখ দেখায়, বলিউডে নয়া আন্দাজ নিয়ে এসেছিলেন তিনি। 'কোহিনূর' এবং 'রাম অউর শ্যাম' এর মত কমেডি সিনেমাতেও অভিনয়ের বিশেষত্ব দেখিয়েছিলেন দিলীপ কুমার। ব্যক্তিগত জীবনে ৪৪ বছর বয়সে ২২ বছরের সায়রা বানুকে বিয়ে করেন তিনি। জীবনের শেষদিন পর্যন্ত সায়রা বানু তার পাশে ছিলেন। আটের দশকে অমিতাভ বচ্চন, শশী কাপুরদের যুগেও দাপটের সঙ্গে 'ক্রান্তি', 'বিধাতা' , 'শক্তি', 'মশাল', 'কর্মার' মতো সিনেমায় অভিনয় করেছেন দিলীপ কুমার। ১৯৯৮ সালে উমেশ মেহরার ছবি 'কিলা'-তে দ্বৈত চরিত্রে অভিনয় করেন তিনি। এটিই দিলীপ কুমারের অভিনীত শেষ ছবি। *এরপর ১৩ পাতায়*

প্রকাশিত
১ জানুয়ারি – ৩১ ডিসেম্বর, ২০২০
ঘটে যাওয়া সমস্ত ঘটনাবলী সমৃদ্ধ
অ্যাচিভার্স ইয়ার বুক – ২০২১



এই বইটিতে আছে সারা বছরের অ্যাপ ও পোর্টাল, জাতীয় ও আন্তর্জাতিক নিয়োগ, খেলাধুলার খবর, অধিবেশন, পুরস্কার, বিজ্ঞান ও প্রযুক্তি, প্রকল্প, কমিটি, ব্যবসা-বাণিজ্য, মউ/চুক্তি, Who's Who, স্টাডি ও রিপোর্ট, ব্যাঙ্ক, অর্থনীতির খবর, আত্মনির্ভর ভারত অভিযান, জাতীয় শিক্ষানীতি, শ্রীরাম মন্দিরের ভূমি পূজো, নতুন কৃষি আইন ও করোনার ইতিবৃত্ত-সহ A to Z কারেন্ট অ্যাফেয়ার্স।

পশ্চিমবঙ্গের সর্বত্র পাওয়া যাচ্ছে। মূল্য– ১২০ টাকা।

প্রকাশিত
ডব্লিউবিসিএস পরীক্ষায় একচ্ছত্র সফল হতে
অ্যাচিভার্স স্পেশাল সংখ্যা
WBCS গাইড বুক



পশ্চিমবঙ্গের সর্বত্র পাওয়া যাচ্ছে। মূল্য– ৪০০ টাকা

প্রিলি ও মেন পরীক্ষার জন্য ১০৪০ পৃষ্ঠার এই বইটির বিশেষত্ব–
❖ বিষয়ভিত্তিক পুঙ্খানুপুঙ্খ আলোচনা ও কমনযোগ্য প্রশ্নোত্তর–
ইংরেজি, ভারতের ইতিহাস, ভারতের স্বাধীনতা সংগ্রাম, পশ্চিমবঙ্গ-সহ ভারতের ভূগোল, ভারতীয় সংবিধান ও অর্থনীতি, বিজ্ঞান, মানসিক দক্ষতা, সাধারণ জ্ঞান ও কারেন্ট অ্যাফেয়ার্স।
❖ বিগত ১১ বছরের প্রশ্নোত্তর
✆ ৯৮৭৪২৭৩০০০

বিঃদ্রঃ- বইগুলি আপনার নিকটবর্তী বুকস্টলে না পেলে যে কোনো জিএসসিই সেন্টার থেকে সংগ্রহ করুন।

GSCE-র অভিজ্ঞ শিক্ষক মণ্ডলী দ্বারা তৈরি নমুনা প্রশ্নোত্তর

পরীক্ষা প্রস্তুতি : ডব্লুবিসিএস প্রিলিমিনারি ২০২০-২০২১ (স্পেশাল সেট-১)

ডব্লুবিসিএস প্রিলিমিনারি পরীক্ষায় ৮টি বিষয়ের প্রতিটি বিষয়ে ২৫ নম্বর করে মোট ২০০ নম্বরের পরীক্ষা হয়। বিষয়গুলি হল– ইংলিশ কম্পোজিশন, জেনারেল সায়েন্স, কারেন্ট অ্যাফেয়ার্স অফ ন্যাশনাল অ্যান্ড ইন্টারন্যাশনাল ইমপর্ট্যান্টস, হিস্ট্রি অফ ইন্ডিয়া, জিওগ্রাফি অফ ইন্ডিয়া উইথ স্পেশাল রেফারেন্স টু ওয়েস্ট বেঙ্গল, ইন্ডিয়ান পলিটি অ্যান্ড ইকোনমিক্স, ইন্ডিয়ান ন্যাশনাল মুভমেন্টস এবং জেনারেল মেন্টাল এবিলিটি। পরীক্ষায় মোট সময় ২ ঘণ্টা। প্রতিটি ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং এক-তৃতীয়াংশ।

1. Find out suitable option nearest in meaning of the underlined word from the given alternatives:-
She possessed glossy utensils.
(a) beautiful (b) shining
(c) costly (d) lasting

2. "We eat restaurant-made food once in a blue moon". Replace the underlined word with a suitable word.
a) Rarely b) Regularly
c) Unwillingly
d) Without any hesitation

3. Choose suitable word to be placed in the blank space.
The woman stood with tears ..... down her cheeks.
(a) dropping (b) rolling
(c) falling (d) moving

4. The following sentences can be replaced with one word from the options given below them. Choose the correct word and mark as your answer.
A style in which a writer makes a display of his knowledge
(a) Pedantic (b) Verbose
(c) Pompous (d) Ornate
One word substitution is Pedantic.

5. Choose the word most nearly opposite in meaning of the underlined word.
There was a mammoth audience.
(a) substantial (b) handy
(c) intelligent (d) ignorant.

6. Choose suitable preposition for the blank space.
The accused was condemned ..... death by the Judge.
(a) with (b) to
(c) by (d) into

7. Choose the correct alternative which can be substituted for the given word in the bracket to make the sentence meaningful.
The seniors _____ (apology) for their rude behavior with juniors.
(a) apologetic (b) apologising
(c) apologized (d) apologetic

8. Convert the given sentence into an interrogative sentence:
I will meet you at the train station.
(a) When will you meet me ?
(b) How will you meet me ?
(c) Where will you meet me ?
(d) Can't you meet me ?

9. Choose suitable word to be placed in the blank space.
In India illiteracy is a great ..... to progress.
(a) impediment (b) hardship
(c) recession (d) obstruct

10. Choose suitable meaning of the underlined Idiom.
Two friends are now at loggerheads.
(a) intimacy (b) enmity
(c) separated (d) ruined

11. Choose the idiom/Group verb the meaning of which has not been correctly written.
(a) A captive audience : person having little freedom of choice
(b) Behave like a fish wife : shout loudly and abusively
(c) Cut no ice : having no charm
(d) prodigal son : extravagant person

12. Choose the correct verb form for the blank space.
Each of the boys ..... prizes.
(a) gave (b) have been given
(c) was given (d) were given

13. Add a suitable prefix to form the opposite of the word 'Balance'
a) Nonbalance b) Unbalance
c) Disbalance d) Imbalance

14. Select the antonym of the given word.
CAPRICIOUS
(a) satisfied (b) scattered
(c) steadfast (d) insured

15. Change the following into direct/ indirect sentence.
The sage said, "God helps those who help themselves."
(a) The sage said that God helps those who help themselves.
(b) The sage said that God helped those whose helped themselves.
(c) The sage said that God helps those who helped themselves.
(d) The sage said that God helped those who help themselves.

16. The nearest word of – CONNOISSEUR bearing similar meaning is –
(a) Lover of art (b) Ignorant
(c) Stubborn (d) Violent

17. She wanted to go on vacation, so she saved money. Convert this to a simple sentence.
(a) As she wanted to go on vacation she saved money.
(b) She saved money for vacation.
(c) She wanted to go on vacation and saved her money.
(d) Although she saved her money, she wanted to go on vacation.

18. Complete the proverb by inserting the correct option.
Curiosity killed the _____
(a) mouse (b) rat
(c) cat (d) owl.

19. The following sentences have a certain phrase highlighted in bold. Choose the correct phrase from the options given below to replace the highlighted phrase and make it grammatically correct. Ignore punctuation errors if any.
You cannot have your cake and eat it too.
(a) Enjoy forever
(b) Have it both ways
(c) Run away from responsibility
(d) Absolve yourself of guilt

20. Each of the following sentences is divided in to four parts. Any of the parts may contain an error. Select the part that has an error. Select option (d), if you find no error in the sentence. Ignore punctuation errors if any.
The boy who will score (a)/the maximum points, (b)/will carry the trophy (c).

21. He is such a good Samaritan. It means
(a) Someone who tries to help people
(b) He is very clever
(c) He is a bad man (d) He is a fool

22. 'Surprise' may be expressed by the following interjection:
(a) Hush ! (b) Alas !
(c) Bravo ! (d) Ha !

23. Insert the appropriate prepositions in the sentence:
He has a preference _____ tea ____ coffee.
(a) to, over (b) for, to
(c) for, over (d) over, for

24. Use suitable auxiliary verb to fill in the blank space:
Mother says you ____ to go to the market once.
(a) Will (b) Shall
(c) Are (d) Have

25. A person who makes his journey on foot is called a –
(a) Wanderer (b) Rambler
(c) Walker (d) Pedestrian

26. With which period the Harappan people were associated ?
(a) Neolithic age (b) Bronze age
(c) Iron age (d) Palaeolithic age

27. The Harappan sites remained closest to the river ?
(a) Indus (b) Satlej
(c) Ravi (d) Chenab

28. The First Battle of Panipat was fought between the forces of
(a) Akbar and Hemu
(b) Abdali and the Marathas
(c) Humayun and Sher Shah Suri
(d) Babar and Ibrahim Lodhi

29. The term Khalisa in Mughal administration signified the
(a) Entire Imperial Establishment
(b) Land owned by the Emperor himself
(c) Religious land grants
(d) Land from where revenue was collected for the Imperial Treasury

30. Which one of the following was written by Dara Shikoh ?
(a) Shahnamah
(b) Muntakhab-ul-Lubab
(c) Majma-ul-Baharain
(d) Padshahnamah

31. The year of the foundation of the Women's Indian Association (WIA) is–
(a) 1947 (b) 1937
(b) 1927 (d) 1917

32. By the Act of 1858, India was to be governed –
(a) By the Company
(b) In the name of the Crown
(c) By a Board of Directors
(d) In the name of Governor-General of India

33. The Ghadar Party was founded (November 1913) at San Francisco USA by
(a) Madam Bhikaji Cama
(b) Lala Har Dayal
(c) Shyamji Krishana Verma
(d) Both (a) and (b) above

34. In Jainism, 'Perfect Knowledge' is referred to as
(a) Nirvana (b) Ratna
(c) Kaivalya (d) Jina

35. Bimbisara was succeeded by.
(a) Ashoka (b) Ajatashatru
(c) Vasudeva
(d) Chandragupta Maurya

36. Which of the following Kushan kings, who assumed the title "the Lord of the Whole World"?
(a) Kadphises I (b) Kadphises II
(c) Kanishka (d) Huvishka

37. "Go Back to Vedas". Who among the following gave this motto?
(a) Swami Vivekananda
(b) Swami Dayananda Saraswati
(c) Ramkrishna Paramahansa
(d) None of the above

38. Who said that British established a robber state in Bengal between 1765 and 1772 ?
(a) G. W. Forrest
(b) Lord Macaulay
(c) K. M. Panikkar
(d) Nand Lal Chatterji

39. Moderates and the Extremists in the Indian National Congress split in 1907 at __?
(a) Surat (b) Calcutta
(c) Nagpur (d) Madras

40. Who is often called as Hindu Luther of Northern India?
(a) Dayanand Saraswati
(b) Ishwar Chandra Vidyasagar
(c) Radhakant Dev
(d) Keshav Chandra Sen

41. Who among the following was the governor general who followed a spirited "Forward" Policy towards Afghanistan?
(a) Lord Dufferin (b) Lord Mayo
(c) Lord Elgin
(d) Lord Ellenborough

42. Which among the following personality is known for publishing the Mooknayak (Leader of the Silent) in Mumbai ?
(a) GG Agarkar
(b) K. M. Munshi
(c) Dr. Bhimrao Ambedkar
(d) Shyamji Krishna Varma

43. The term Dyarchy was used in Govt. of India 1919. It was a first step towards which of the following ?
(a) Local Self Government

(b) Making the governor titular head
(c) More strength of Central government
(d) None of the above

44. During whose reign Mahayana sect of Buddhism came into*existence?
(a) Ashoka (b) Kanishka
(c) Ajatsatru (d) Nagarjuna

45. The Kadamba dynasty was founded by whom?
(a) Konkanivarman
(b) Kirtisarman
(c) Mayurasharma
(d) Yajnavarman

46. Who among the following Sultans of Delhi assumed the title Sikandar-i-Sani?
(a) Balban
(b) Alauddin Khalji
(c) Muhammad-bin-Tughlaq
(d) Sikandar Lodi

47. The ambassador of Emperor James I, who reached in the court of Jahangir in 1615 was _____:
(a) Sir James Hay
(b) Sir Thomas Roe
(c) Sir Thomas Howard
(d) Sir John Digby

48. Which of the following Mughal Emperor's is also known to be a very good player of Veena?
(a) Akbar (b) Jahangir
(c) Shah Jahan (d) Aurangzeb

49. Which one of the following places was a mint centre of the Yaudheyas?
(a) Bayana (b) Rohtak
(c) Bareilly (d) Mathura

50. At which among the following sites of Indus Valley Civilization, the rows of distinctive fire altars with provision of ritual bathing have been found ?
(a) Mohen-jo-daro (b) Harappa
(c) Kalibangan (d) Lothal

51. Which among the following is considered to be the best soil for plant growth?
(a) Sand (b) Clay
(c) Loam (d) Silt

52. Ranjit Sagar Dam (Thein dam) is a gigantic Multipurpose River valley Project on which among the following rivers ?
(a) Ravi (b) Sutlej
(c) Jhelum (d) Indus

53. Which state of India has largest monazite, which is an in situ resource for Thorium?
(a) Andhra Pradesh (b) Kerala
(c) Odisha (d) Tamil Nadu

54. Which among the following cities of India does not fall in Torrid Zone?
(a) Chennai (b) Mumbai
(c) Jodhpur (d) Jaipur

55. 'Tso Morari', one of the Glaciatic wetlands of the country is located in which of the following state?
(a) Himachal Pradesh
(b) Jammu & Kashmir
(c) Sikkim (d) Uttarakhand

56. 'Pipavav' in Gujarat is best known for which among the following?
(a) India's first private port
(b) India's First Greenfield refinery
(c) India's First ship breaking yard
(d) None of the above

57. Which of the following states is located in Zone-V, the highest-risk seismic zone in India?
(a) Uttar Pradesh (b) Maharashtra
(c) Karnataka (d) Assam

58. Consider the following cities with rivers on the banks of which they are situated:
1. Ujjain – Narmada
2. Nasik – Godavari
3. Haridwar – Ganga
Which of the above is/are correct?
(a) 1 & 3 Only (b) 2 & 3 Only
(c) 3 Only (d) 1, 2 & 3

59. With reference to the rivers in India, the "Upper Yamuna" refers to the Yamuna river from its origin at Yamunotri to____:
(a) Tajewala in Yamuna Nagar district
(b) Dak Pathar near Dehradun
(c) Okhla Barrage in Delhi
(d) Paonta Sahib in Himachal Pradesh

60. Palar river water dispute is between which two states?
(a) Tamil Nadu and Andhra Pradesh
(b) Andhra Pradesh and Karnataka
(c) Karnataka and Tamil Nadu
(d) Chhattisgarh and Odisha

61. The Single Rope Floating Raft (SRFR) Method is most commonly used for the cultivation of :
(a) Cotton (b) Sugarcane
(c) Seaweeds (d) Jute

62. Consider the following crops:
1. Cotton 2. Jute
3. Sugarcane 4. Tobacco
Which of the above are Cash Crops?
(a) 1, 2 & 3 Only
(b) 3 & 4 Only
(c) 2, 3 & 4 Only
(d) 1, 2, 3 & 4

63. Which Indian city is known as the Manchester of South India?
(a) Coimbatore (b) Bangaluru
(c) Chennai (d) Mysore

64. Which is the highest peak in Andaman and Nicobar islands?
(a) Mount Diavolo
(b) Mount Thuiller
(c) Saddle Peak (d) Mount koya

65. What is the rank of India In terms of the total area?
(a) 3rd (b) 5th
(c) 7th (d) 10th

66. The lines which indicate equal felt seismic intensity in the map are known as by which name?
(a) Isoseismal line
(b) Quake line (c) Isoclinic line
(d) Isochrone line

67. The type of dessert with less amount of sand and high, largely barren, hard rocky plateaus is known as by which of the following name?
(a) Barkhans (b) Badland
(c) Maidan (d) Hamada

68. Which of the following is the highest peak of the Himalayan range in India?
(a) K2 (b) Kanchenjunga
(c) Nanda Devi (d) Mt. Everest

69. Which of the following passage separates the north Andaman Island from the smaller islands Landfall Island and East Island?
(a) Ducan Passage
(b) Coco Passage
(c) Cleugh Passage
(d) Mannar Passage

70. Coco island is located in which side of Andaman island?
(a) Eastern (b) Southern
(c) Northern (d) Western

71. Which one is not in the Northern side of West Bengal State ?
(a) Jaldhaka (b) Kaljani
(c) Mahananda (d) Mayurakshi

72. Which one is of highest length :
(a) Teesta (b) Mahananda
(c) Jaldhaka (d) Kansabati

73. Which one is not a Tidal river ?
(a) Icchamati (b) Vidyadhari
(c) Kalindi (d) Jalangi

74. The Head Quarter of the 'Tiger Project' of Sundarban region is located at :
(a) Canning (b) Freshergaanj
(c) Gosaba (d) Basanti

75. In which item West Bengal is not the biggest producer among the States of India :
(a) Rice (b) Jute
(c) Tea (d) fish

76. Among the States of India the position of West Bengal in silk production :
(a) 1st (b) 2nd
(c) 3rd (d) None of these

77. Which article of the Indian Constitution provides for Vice-President of India?
(a) Article 61 (b) Article 62
(c) Article 63 (d) Article 65

78. How many presidents of India so far were elected unopposed?
(a) One (b) Two
(c) Three (d) Four

79. Which among the following constitutional amendment act, reduced the age of voting from 21 years to 18 years?
(a) 59th Amendment Act
(b) 60th Amendment Act
(c) 61st Amendment Act
(d) 62nd Amendment Act

80. Which among the following is the first Development Financial Institution in the country to cater to the long-term finance needs of the industrial sector?
(a) IFCI (b) IDBI
(c) ICICI (d) SIDBI

❖ WBCS Prelims 2020-21 Mock Test-1 Explanation ❖

1. (b) shining 2. (a) Rarely
3. (b) rolling 4. (a) Pedantic.
5. (b) handy 6. (b) to
7. (c) apologized
8. (c) Where will you meet me ?
9. (a) impediment 10. (b) enmity
11. (c) Cut no ice : having no charm
